ধুন্‌	খণ্ড-বিখণ্ড করো (তুমি)
ধুনিম	খণ্ড-বিখণ্ড করবো (আমি)
ধুন্যে	খণ্ড-বিখণ্ড করেছে (সে)
ধুন্যন্‌	খণ্ড-বিখণ্ড করলো (তারা)
ধুন্যঙ	খণ্ড-বিখণ্ড করিলাম (আমি)
ধুনিলুঙ	খণ্ড-বিখণ্ড করিলাম (আমি)
ধুনিবাত্যায়	খণ্ড-বিখণ্ড করিবার জন্য
ধুন্ধা	তামাক
ধুন্ধা-খেত	তামাকের জমি
ধুন্ধ-তুবানা	তামাক তৈরী করা
ধন্ধুয়া-তুবানা	তামাক তৈরী করা
ধন্ধুয়া-তুপ্যো	তামাক তৈরী করছে
ধুন্ধা বাঝেইদেনা	তামাক সাজানো
ধুন্ধা বাঝেই দে-না	তামাক সাজিয়ে দাও না (তুমি)
ধুন্ধা বাঝা	তামাক সাজাও (তুমি)
ধুন্ধা বাঝেয়ঙ	তামাক সাজিয়েছি
ধুন্ধা বাঝেলঙ্‌	তামাক সাজালো (সে)
ধুন্ধা বাঝেম	তামাক সাজাবো (আমি)
ধুন্ধা বাঝার	সাজাচ্ছে (সে)
ধুন্ধা বাঝেবাত্যায়	সাজার জন্য
*ধুন্ধা বাঝেয়া কৈ	তামাক সাজাবার মিচ্ছিবী কোথায়
ধুপ্‌	সাদা
ধুপ্‌ গরি	সাদা করে
ধুপ্‌-ধাপ্‌	মাবপিতের শব্দ
ধুপ্‌ ধাপ্‌ ন চায়	পরিষ্কার পরিচ্ছন্ন চায়না
ধুন্‌ধুক	অনুশোচনা
ধুন্‌ধুগৎ	অনুশোচনাতে
যে ধুন্ধুগৎ জ্বলের বুক	অনুশোচনায় বুক পুরে যাচ্ছে
ধুম্‌ পরিজিয়ে	হৈহুল্লা আরম্ভ হয়েছে
ধুম্‌	পরার শব্দ
ধুম্‌-ধুম্‌ মারের	ধমাধম মাবতেছে
ধুম্‌	হৈ হুল্লা
ধুমা	ধোঁয়া
ধুমা-দেনা	ধোঁয়া দেওয়া
ধুমাল	বিয়েতে যাত্রাদলের অধিকার (খলামারণী)
ধুমাল্‌ দেনা	খলামারণী দেওয়া
ধুমাল্‌ দ্যঙ	খলামারণী দিয়েছি (আমি)
ধুমাল্‌দ্যিয়ে	খলামারণী দিয়াছে (সে)
ধুমাল্‌দ্যিয়েই	খলামারণী দিয়াছি (আমরা)
ধুমাল দিয়েই	খলামারণী দিয়াছি („)
ধুমাল্‌ দিলঙ	খলামারণী দিয়াছি („)
ধুমাল্‌ দিবাত্যায়	খলামারণী দিবার জন্য

* আগেকার দিনে বিয়ের বাড়ীতে বা নিমন্ত্রণে তামাক সাজানোর লোক নিয়োগ করা হইত তাকে "মিচ্ছিরী" বলা হতো। আধুনিক নিমন্ত্রণে সে সব বালাই নাই। এখন সিগারেটের প্রাচুর্য্য।

ধুমুলুক্‌-ধামালাক্‌—অশোভন চালচলন
ধুর্‌—বড় ছিদ্র
ধুর্‌ অহ্‌ইয়ে—বড় ছিদ্র হয়েছে
ধুরো বেদা—দূর বেটা (ছেলেকে ভর্ৎসনা)
ধুর্‌—নিঃছিদ্র জঙ্গল দিয়ে রাস্তা
ধুর্‌ কাপ্যাঙ—ফাকা পথ করেছি (আমি)
ধুর্‌ কাপ্যন—ফাকা পথ করেছে (তারা)
ধুর্‌ কাবিল—ফাকা পথ করিল (সে)
ধুর্‌কাবিলাক—ফাকা রাস্তা করিল (তারা)
ধুর্‌ কাবের—ফাকা রাস্তা করতেছে (সে)
ধুর্‌কাবদন—ফাপা রাস্তা কাটতেছে (তারা)
ধুর্‌ কাবিবাত্যায়—রাস্তা করার জন্য
ধুর্‌-ধুর্‌—বড় ছিদ্রবিশিষ্ট
ধুরুঙ্‌—বড় ছিদ্র
ধুরুঙ্‌—খুব বড় রাস্তা
ধুরুঙৎ—খুব বড় ফাকায়
ধুরুম্‌-দারাম্‌—বন্দুকের শব্দ
ধুল্‌—ঢোল, ঝুল (তুমি)
ধুলঙ্‌-দালাঙ্‌—হেলে দুলে
ধুল্‌-বাজ্যেম—ঢোল বাজাবো (আমি)
ধুল্‌-বাজ্যেব—ঢোল বাজাবে (সে)
ধুল্‌-বাজ্যেবাক্‌—ঢোল বাজাবে (তারা)
ধুল্‌-বাজ্যেল—ঢোল বাজালো (সে)
ধুল্‌-বাজ্যেলাক—ঢোল বাজালো (তারা)
ধুল্‌-বাজ্যেবাত্যায়—ঢোল বাজাবার জন্য
ধুলা—দোল খাওয়া, দোল দেওয়া
ধুল্যাঙ্‌—দোল খেয়েছি (আমি)
ধুল্য—দোল্‌ খাবে (তোমরা)
ধুল্যন—দোল্‌ খেয়েছে (তারা)
ধুলদুঙ্‌—ঝুলতাম (আমি)
ধুল্যাহ্‌—বালীতে ভর্তি, বালী
ধুল্যাহ্‌-চর—বালীভূমি
ধুল্যাহ্‌-চরৎ—বালীভূমিতে
ধুলিম্‌—ঝুল্‌বো (আমি)
ধুলিভ—ঝুল্‌বে (সে)
ধুলিবাক্‌—ঝুল্‌বে (তারা)
ধুলিল—ঝুল্‌লো (সে)
ধুলিলাক—ঝুল্‌লো (তারা)
ধুলিবাত্যায়—ঝুল্‌বার জন্য
ধুলুক্‌—ঢোল্‌, ধুলুন্যা—মাছ ধরার ফাঁদ
ধুলুঙ্‌—ধুইলাম (আমি)
ধুলেম্‌—দোল দিব (আমি)
ধুলের—দোল দিচ্ছি (আমরা)
ধুলেদ—দোল দিত (সে)
ধুলেদাক—দোল দিত (তারা)
ধুলার—দোল দিচ্ছে (সে)
ধুলাদন—দোল দিচ্ছে (তারা)
ধুলেবাল্যায়—দোল দিবার জন্য
ধুয়া—খোলামেলা
ধুয়া-জাগা – খোলামেলা জায়গা
ধুয়া-গর—পরিষ্কার কর (জংগল)
ধুয়া-গর্য্যাঙ—পরিষ্কার করেছি (আমি)
ধুয়া-গঝ্যন—পরিষ্কার করেছে (তারা)
ধুয়া-গররের—পরিষ্কার কর্‌ছে (সে)
ধুয়া-গর্‌তন—পরিষ্কার করছে (তারা)
ধুয়া-গরল—পরিষ্কার করলো (সে)
ধুয়া-গরলাক—পরিষ্কার করলো (তারা)
ধুয়া-গরিবাত্যায়—পরিষ্কার করার জন্য
ধুয়ার—বাঁশের চেড়া অর্দ্ধাংশ
ধুয়ার গঝ্যঙ—চিড়েছি (আমি)
ধুয়ার গঝ্যন—চিড়েছে (তারা)
ধুয়ার গল্যঙ—চিড়্‌লাম (আমরা)
ধুয়ার গল্ল—চিড়লো (সে)

ধে

ধেই—পালাই (আমরা)
ধেই-যা—পালাও (তুমি)
ধেই-যার—পালাচ্ছে (সে)

চাঙমা	বাঙলা
ধেই-যাদন—পালাচ্ছে (তারা)	
ধেই-গেল—পালালো (সে)	
ধেই-গেলাক—পালালো (তারা)	
ধেই-গেলঙ্—পালালাম, পালিয়ে গেলাম	
ধেই-যেবাত্যায়—পালাবার জন্য	
ধেই-নেজানা—মেয়ে অপহরণ করা	
ধেই-নেজা—অপহরণ কর (তুমি)	
ধেই-নেজার—অপহরণ করছে (সে)	
ধেই-নেজাদন—অপহরণ করছে (তারা)	
ধেই-নেজেবাত্যায়—অপহরণ কবার জন্য	
ধেক্—নিঃশ্বাসের সময় ।	
এক ধেগে ধর‍্যাঙ্—এক নিঃশ্বাসে ধরেছি	
ধেক্—ডাল	
মূলা-ধেক্—মূলার ডাল	
ধেগুর—উদ্গীরণ	
ধেগুর তুল্যে—উদ্গীরণ কর্ছে	
ধেঙ্—দুষ্ট, শয়তান	
ধেঙ্-ধেএঙ্—বাজানার শব্দ	
ধেদেঙ-ধেদেঙ্—বাজানার শব্দ	
ধেঙ্ গরানা—দুষ্টামি করা	
ধেঙ্ গরে—অকরণীয় কাজ করে (সে)	
ধেঙ্ গর্ল—অকরণীয় কাজ করলো (সে)	
ধেঙ্ গর্লাক—নিন্দনীয় কাজ করলো	
ধেঙ্ গরিভাত্যায়—দুষ্টামি করার জন্য	
ধেঙ্-ধেঙেই নেজার—সজোরে নিয়ে যাচ্ছে	
ধেঙা—দুষ্ট ছেলেটো	
ধেঙী—ঢেঁকী	
ধেঙী-শাল—ঢেঁকীর ঘর	
ধেপ্-ধেপ্যা—নরম অবস্থা	
ধেভ—পালাবে (সে)	

চাঙমা	বাঙলা
ধেভঙ—পালাবো (আমরা)	
ধেভা—পালাবে (তোমরা)	
ধেভাক—পালাবে (তারা)	
ধেভা—বড় জলাশয়	
ধেভাৎ—বড় জলাশয়ে	
ধেম্—পালাবো (আমি)	
ধেল্—ধিলা, শম্বুক গতির	
ধেলঅ—পালালো (সে)	
ধেলা—ধীর গতির লোকটী	
ধেলাক্—পালালো (তারা)	
ধেল্-ধেল্যা—অতিশয় নরম	
ধেল্-ধেল্যা-কিয়া—নরম শরীর	
ধেলাহ্—ডাল্ (গাছের)	
ধেলাহ্ ভাঙ্যে—ডাল্ ভেঙ্গেছে	
ধেলুঙ্—পালালাম (আমি)	
ধেইয়ে—পালিয়েছে (সে)	
ধেইয়অ—পালাবে (তোমরা)	
ধেইয়ন—পালিয়েছে (তারা)	
ধের্-ধেরেই—ধারাবেয়ে	
ধের্ ধেরেই লো পাবে—ধারাবেয়ে রক্ত পড়ছে	

ন

ন— নয়, ৯

ন-অ— নৌকা

ন-লৈ— নৌকা দিয়ে

নন্-ধী— নৌকায়

*নক্—নখুন্

নকল, নগল—অনুকরণ

নগল গরে—অনুকরণ করে

ন-গরেহ্—করেনা (সে

---

* নক্-পা তেঙাদি কত্তা তাদি
মানব্যো মারিবাক, ধাঙ্-গেই যাদি
} নখের পরিমাণ ছোট চার্ আনী (টাকা) দিয়ে কতবড় (তাধি) কেরোসিন টিন, লোকে মেরে কেড়ে নিবে, তাড়াতাড়ি পালানই বুদ্ধিমানের কাজ,, (গেঁও বোকার চিন্তা)

চাঙমা	বাঙলা
ন-গরন—করেনা (তারা)	
ন-গরলঅ—করলোনা (সে)	
ন-গর্লাক—কর্লোনা (তারা)	
ন-গরিবা—করবেনা (তোমরা)	
ন-গরিবাক—করবেনা (তারা)	
ন-গরিবাত্যায়—না করার জন্য	
নক্কাবানা—নখুন্ কাটা	
নজর সন্মানের দেওয়া	
নজর—লক্ষ্য, খেয়াল	
নজর-দেনা -খেয়াল করা	
নজব-থ্যন—খেয়াল করে (তারা)	
নজর থ্য-ন—খেয়াল করেছে (তারা)	
নজরদিল—কামনারের লোলুপ্ দৃষ্টি	
নজরদিল—লক্ষ্য রাখিল (সে)	
নজর দিলাক্—লক্ষ্য রাখিল (তারা)	
নজব দিবাল্যায়—লক্ষ্য রাখার জন্য	
নজরৎ—চোখে লাগা	
নজরৎ ন লাগে—মনে লাগে না	
নজবৎ ন লাক্যা—জুলুস্ লাগার মত নয়	
ন-থার্—থাকছে না (সে)	
ন-থেম্—থাক্‌বোনা (আমি)	
ন-থেভ—থাক্‌বেনা (সে)	
ন-থেভাক—থাকবেনা (তারা)	
ন-থেলঅ—থাকলোনা (সে)	
ন-থেলাক্—থাকলোনা (তারা)	
ন-থেবাত্যায়—না থাকার জন্য	
ন-থোম্—রাখবোনা (আমি)	
ন-থোচ্—রাখবেনা (তুমি)	
ন-থর্—রাখ্‌ছেনা (সে)	
ন-থোর্—রাখ্‌ছিনা (আমরা)	
ন-থভঙ্—রাখ্‌বোনা (আমরা)	
ন-থভাক—রাখ্‌বেনা (তারা)	
ন-থভাত্যায়—না রাখার জন্য	
ন-দরায়—ভয় করে না (সে)	

চাঙমা	বাঙলা
ন-দরাঙ্—ভয় করি না (আমি)	
ন-দরেম্—ভয় করিব না (আমি)	
ন-দরার—ভয় করছে না (সে)	
ন-দরেবাত্যায়—ভয় না করার জন্য	
ন-ধেভঅ—পালাবে না (সে)	
ন-ধেভা—পালিও না (তোমরা)	
ন-ধেভাক্- পালাবে না (তারা)	
ন-দেম্—দেখ্‌বো না (আমি)	
ন-ধেম্—পালাবো না (আমি)	
ন-ধেলঅ—পালালো না (সে)	
ন-অহ্ভ—হবে না, খেলবেনা (সে)	
ন-ভঅ—হবে না, ননেই—আব্দার	
ননেয়া-ঝি—আদরের দুলালী	
ন-অভাহ্—হবে না, খেলিবে না (তোমরা)	
ন-অহ্ল—হলো না, কুলালো না	
ন অহ্ল—খেলিল না, হলো না	
ন-অহ্লাক—হলো না, কুলালো না	
ন-অহ্লাক—খেলিলো না	
ন-অহভাক্ -হবে না, কুলাবে না	
ন-অহভাক্- -খেলবে না (তারা)	
ন-অহভাত্যায়—না হওয়ার জন্য	
ন-পারে—পারে না (সে)	
ন-বারে—পারে না (সে)	
ন-পারঅ—পারনা (তোমরা)	
ন-পারন—পারে না (তারা)	
ন-পার্ল—পারলোনা (সে)	
ন-পার্লা—পারেলে না (তোমরা)	
ন-বারন—পারে না (তারা)	
ন-বারিম—পারবো না (আমি)	
ন-বারিব—পারা যাবে না, পারবে না	
ন-বারিবাক—পারবে না (তারা)	
ন-বারল—পারলো না (সে)	
ন-বারলাক্—পারলো না (তারা)	
ন-বারের—পারছে না (সে)	

চাঙমা	বাঙলা

ন-বারির—পারছি না (আমরা)
ন-বারিবাত্যায়—না পারার জন্য
ন-ভহ্, ন-ভহ্—হবে না হবে না
তল্লে নভহ্—তোমাকে দিয়ে হবে না
অধৎ নভহ্—আদতেই হবে না

না

না—প্রত্যাখ্যান বাচক শব্দ
নাক-দে—চুমু দাও (তুমি)
নাক্-দে—চুমু দেয় (সে)
নাক্কুয়া-দে—চুমু খাও
নাক্দিম্, নাক্কুয়াদিম্—চুমু খাবো
নাক্দিল, নাক্কুয়াদিল—চুমু খেলো
নাক্দিলুঙ—চুমু খেলাম
নাক্দিবাত্যায়—চুমু খাওয়ার জন্য
নাক্সা—ফাঁকা (বাঁশের)
নাক্সা-ফুল—নাগেশ্বরী ফুল
নাক্যা—নাকীসুরে বলার লোক
নাগী—নাকীসুরে বলার মেয়ে
নাগানাক্যা—কুলায় না কুলায়
সুচ্যাঙ নাগ্যা—উঁচা নাকওয়ালা
ভূথ্যাঙ্ নাগা—চেপ্তা নাকওয়ালা
নাঙ্—নাম, নাঙ্ খিনানা—স্মরণ করা
নাঙ্ খিনন—স্মরণ করে (তারা)
নাঙ্ খিনের—স্মরণ করছে (সে)
নাঙ্ খিনিল—স্মরণ করিল (সে)
নাঙ্ খিনিলাক—স্মরণ করিল (তারা)
নাঙ্ খিনিলুঙ্—স্মরণ করিলাম (আমি)
নাঙ্ খিনির—স্মরণ করছি (আমরা)
নাঙ্ খিন্দন—স্মরণ করছে (তারা)
নাঙ্ খিন্যে—স্মরণ করেছে (সে)
নাঙ্ খিন্যন্—স্মরণ করেছে (তারা)
নাঙ্ খিনিবাত্যায়—স্মরণ করার জন্য
নাঙ্ লুগেয়া—নাম লুকায় যে

চাঙমা	বাঙলা

নাঙ্ লুগেয়া—গালী (কুখ্যাতি)
নাঙ্ বাজেয়া—বিখ্যাত লোক
নাঙ্-ডুবেয়া—কুখ্যাত লোক
নাঙা-নাক্যা—অভাব
নাঙা-নাক্যাগরি—কুলায় না কুলায়ভাবে
নাঙান্—নামমাত্র
নাঙান্ গর্যো—নামমাত্র করেছে (অবহেলা)
নাচ্—নৃত্য কর (তুমি)
নাচ্যে—নৃত্য করেছে (সে)
নাচ্যন—নৃত্য করেছে (তারা)
নাচ্যেই—নৃত্য করেছি (আমরা)
নাচ্যঙ—নৃত্য করেছি (আমি)
নাচ্—ধ্বংস
খদায় নাচ্ গোরোক—প্রতিজ্ঞা
নাজানাজি—নৃত্য, সমালোচনা
নাজানাজি—উল্লম্ফন অবস্থায়
নাজদন—নাচ্তেছে (তারা)
নাজি—নৃত্য করি (আমরা)
নাজিম—নৃত্য করিব (আমি)
নাজিবঙ্—নৃত্য করিব (আমরা)
নাজিল—নৃত্য করিল (সে)
নাজিলাক্—নৃত্য করিল (তারা)
নাজিতুঙ্—নৃত্য করিতাম (আমি)
নাজি নাজি—নৃত্য করে
নাজি নাজি এঝের—নৃত্য করে আস্তেছে
নাজি নাজি এখন—নৃত্য করে আস্তেছে
নাজি এল—নৃত্য করে এলো (সে)
নাজি নাজি এলাক—নৃত্য করে আস্লো
নাজি নাজি এভা—নৃত্য করে আস্বে
নাজি নাজি এভে—নৃত্য করে আস্বে
নাজে—নাচে
নাজের—নাচ্তেছে (সে)
নাঝি—জলের নালা
নাঝি কাবিম—জলের নালা কাটবো

চাঙমা	বাঙলা
নাঝি কাবিবঙ—জলের নালা কাটবো	

নাঝি কাবিবঙ—জলের নালা কাটবো
নাঝি কাবিল—জলের নালা কাটলো
নাঝি কাবিলাক—জলের নালা কাটালো
নাঝি কাপ্যঙ্‌—নালা কবালাম (আমি)
নাঝি কাপ্যন—নালা করলো (তারা)
নাঝি কাপ্যে—নালা কেটেছে (সে)
নাঝি কাপ্যোই—নালা কেটেছি (আমরা)
নাঝি কবিবাত্থায়—নালা কাটবার জন্য
নাত্‌—বন্ধ কর (তুমি)
কানাবুয়া নাত্‌—ছিদ্রটা বন্ধ কর (তুমি)
কানাবুয়া নাদঅ—ছিদ্রটা বন্ধ কর
কানাবুয়া নাথ্যে—ছিদ্রটা বন্ধ করেছে
কানাবুয়া নাথ্যোই— ছিদ্রটা বন্ধ করেছি
নাত্যা আঘে—বন্ধ আছে
নাত্যা—বন্ধ অবস্থা
নাত্যা—নাতিন (সম্বোধন)
নাথ্যন্—বন্ধ করেছে (তারা)
নাথ্যঙ্—বন্ধ করেছি (আমি)
নাথ্যোই—বন্ধ করেছি (আমরা)
নাদঅ—বন্ধ কর (তোমরা)
নাদা -বন্ধ করা
নাদা—নেথা
তেলঅ-নাদা—তেলের গরম
নাদানা—বন্ধ করা
নাদান্—পেটুক, খাদ্যলোভী
নাদান্যা—পেটুক লোকটা
নাদিন—নাতি
নাদিন বড়োই খায় -নাতিন কুল খায়
নাদি-দঅ—বন্ধ করিত (সে)
নাদি-দের—বন্ধ করিতেছে (সে)
নাদি-দেদন—বন্ধ করিতেছে (তারা)
নাদি-দিল—বন্ধ করিল (সে)
নাদি-দিলাক—বন্ধ করিল (তারা)
নাদি-দিবাত্থায়—বন্ধ করার জন্য

চাঙমা	বাঙলা

নাহ্‌দঙ্‌ সারা—কুলক্ষণে চাল চলন
নাহ্‌দঙ্‌ সারা পুয়া—কুলক্ষণে ছেলে
নাহ্‌দেঙ্‌—লাথিম
নাহ্‌দেঙ্‌ খারা—লাথিমের খেলা
নাধাহ্‌—কৃপণ
নাধাহ্‌ মানুচ্‌—কৃপণ লোক
না-দেই—সুতা ছাড়ানোর যন্ত্র
না-ধেই—(জোরালো) অস্বীকার
না-না—অস্বীকার উক্তি
নানা -বহু প্রকার
নানা-কধা—অনেক কথা
নানা-ঘান—অনেকগুলি
নানা-ঘান ইধোৎ উধে —অনেক স্মরণ হয়
নানান্ কধা —অনেক রকম কথা
নানু- দিদিমা
নাহ্‌প্লা—নোনতা মাছ
নাবিৎ—নাপিত
নাবিদা—খোর্ কর্ম্মটা
নাবেলেঙ মাছ—ক্ষুদ্র মাছ
নাভা-দেনা—নাকে ছিদ্র করে দড়ি বাঁধা
নাভা-দড়ি—নাকের দড়ি
নার্—বাচ্চার নাভি
নার্-কাবিদেনা—নাভির নাড়ি কাটা
নারাহ্‌—ধান গাছ, খড়
নারাহ্‌-ভুই—খড়ের জমি
নারাহ্‌-কাবা ভুই—খড় কাটা জমি
নারেঙ্—চোখের ভ্রূ
নারেকুল—নারিকেল, নারেচ্‌—পাট গাছ
নারেচ্‌ তানা—পাট বের করা
নাল—স্রোত, গরুর পায়ের গোচ্‌
পানী নাল—জলের স্রোত
নাল্ কাবি দিবে—পায়ের গোচ কাটবে
নাল্ কাবি দিবে—জলপথ করে দিবে
নালৎ—স্রোতে

চাঙমা	বাঙলা

নালৎ পঝ্যে—জলস্রোতে পড়েছে
নালৎ-এচ্যে—উন্নতির পথে এসেছে
নালাৎ—জল বাহিরের পথে
নালা-নালী—নদ-নদী পূর্ণ
নালিচ্—বিরুদ্ধাবেদন
নালিচ্ গঝ্যে—আবেদন করেছে (সে)
নালিচ্ গঝ্যন—আবেদন কর্লো (তারা
নালিচ্ গল্ল, গল্য—আবেদন করলো (সে)
নালিচ্ গল্লাক্, গল্যাক্—আবেদন করলো (তারা)
নালিচ্ গরিলুঙ্—আবেদন কর্লাম
নালিচ্ গরিবাত্যায়—আবেদন করাব জন্য

নি

নিগীরা—শেষ, নিঙ্রাও (তুমি
নিগীরানা—নিঙ্রানা
নিগীরা-বুয়া—শেষ সন্তানটা
নিগীরেম—নিংরাবো (আমি)
নিগীরার—নিংরাচ্ছে (সে) .
নিগীরাদন—ফোটা ফোটা সংগ্রহ করছে
নিগীরেবাত্যায়—নিঙ্বাবার জন্য
নিঘীল্—বাহির হও (তুমি)
নিহ্ঘীলঅ—বাহির হও (তোমরা)
নিহ্ঘীলের—বাহির হচ্ছে (সে)
নিহ্ঘালা—বাহির করো (তুমি)
নিহ্ঘালার—বাহির করছে (সে)
নিহ্ঘাল্যে—বাহির করেছে (সে)
নিহ্ঘাল্য—বাহির করলো (সে)
নিহ্ঘাল্যন—বাহির করেছে (তারা)
নিহ্ঘালদন—বাহির কর্ছে (তারা)
নিহ্ঘালের—বাহির করছি (আমরা)
নিহ্ঘালাঙর—বাহির করছি (আমি)
নিহ্ঘালেভ—বাহির করিবে (সে)
নিহ্ঘালেবাত্যায়—বাহির করার জন্য

চাঙমা	বাঙলা

নিহ্ঘীলঙর্—বাহির হচ্ছি (আমি)
নিহ্ঘীলদন—বাহির হচ্ছে (তারা)
নিহ্ঘীল্যঙ্—বাহির হয়েছি (আমি)
নিহ্ঘীল্যেই—বাহির হয়েছি (আমরা)
নিহ্ঘীল্যন—বাহির হয়েছে (তারা)
নিহ্ঘীল্যে—বাহির হয়েছে (সে)
নিহ্ঘীল্ল—বাহির হলো (সে)
নিহ্ঘীল্লাক—বাহির হলো তারা)
নিহ্ঘীল্য—বাহির হলো (সে)
নিহ্ঘীল্যাক—বাহির হলো (তারা)
নিহ্ঘীলিভ—বাহির হবে (সে)
নিহ্ঘিলীবাত্যায়—বাহির হওয়ার জন্য
নিহ্ঘুর—মাথা নীচু কর (তুমি)
নিহ্ঘুরঅ—মাথা নীচু কর (তোমরা)
নিহ্ঘুরে—মাথা নীচু করে (সে)
নিহ্ঘুরন—মাথা নীচু করে (তারা)
নিহ্ঘুরের—মাথা নীচু করছে (সে)
নিহ্ঘুরতন—মাথা নীচু করছে (তারা)
নিহ্ঘুর্ঝ্যে—মাথা নত করেছে (সে)
নিহ্ঘুর্ঝ্যন—মাথা নীচু করেছে (তারা)
নিহ্ঘুর্ল—মাথা নীচু করলো (সে)
নিহ্ঘুর্লাক্—মাথা নীচু করলো (তারা)
নিহ্ঘুরিভ—মাথা নীচু করবে (সে)
নিহ্ঘুরিবাক—মাথা নীচু করবে (তারা)
নিহ্ঘুর্লুঙ—মাথা নীচু করলাম (আমি)
নিহ্ঘুর্লঙ—মাথা নীচু করলাম (আমরা)
নিহ্ঘুরঙ—মাথা নীচু করি (আমি)
নিহ্ঘুরা—মাথা নীচু করি (আমরা)
নিহ্ঘুরী গেলঙ্—মাথা নীচু করে গেলাম
নিহ্ঘুরার—মাথা নীচু করিতেছি
নিহ্ঘুরীবাত্যায়—মাথা নীচু করার জন্য
নিঘুচ্—চূর্ণ-বিচূর্ণ
নিঘুচ-গরি—চূর্ণ-বিচূর্ণভাবে
নিঘুচ্-গর্য্যঙ—চূর্ণ-বিচূর্ণ করেছি (আমি)

চাঙমা	বাঙলা

নিঘুচ্-গর্য্যন—চূর্ণ-বিচূর্ণ করলো (তারা)
নিঘুচ্-গরিম—চূর্ণ-বিচূর্ণ করবো (আমি)
নিঘুচ্-গর্ঝ্যে—চূর্ণ-বিচূর্ণ করেছে (সে)
নিঘুচ্-গল্লাক—চূর্ণ-বিচূর্ণ করলো (তারা)
নিঘুচ্-গর্ঝ্যেই—চূর্ণ-বিচূর্ণ করেছি (আমরা)
নিঘুচ্-গরের—চূর্ণ-বিচূর্ণ করিতেছে (সে)
নিঘুচ্-গরতন—চূর্ণ-বিচূর্ণ করিতেছে
নিঘুচ্-গবিবাত্যায়—চূর্ণ-বিচূর্ণ করার জন্য
নিচ্—নিও (তুমি)
নিম—নিব (আমি)
নিদ-অ—নিত (সে)
নিদাক—নিত (তারা)
নিলঅ—নিয়ে গেল (সে)
নিলাক—নিয়ে গেল (তাবা)
নেজার—নিয়ে যাচ্ছে (সে)
নেদন—নিয়ে যাচ্ছে (তারা)
নিলুঙ—নিয়ে গেলাম (আমি)
নিলাক—নিয়ে গেল (তারা)
নেজঅ—নিয়ে যাও (তোমরা)
নিবাত্যায়—নেওয়ার জন্য
নিজো—নীচু
নিজো ঝুপ্—নীচ ডালপালা
নিঝাচ্—নিঃশ্বাস
নিঝাচ্-এচ্ছো—নিঃশ্বাস এসেছে
নিঝাচ্-ফেলা—নিঃশ্বাস ফেলো (তুমি)
নিঝানা—নিশানা, চিহ্ন
নিত্য—অনবরত
নিত্য এঝে—সর্বদা আসে
নিত্য যায়—প্রত্যেকদিন যায়
নিদঅ—নিয়ে যেতো (সে)

চাঙমা	বাঙলা

নিদাক্—নিয়ে যেতো (তারা)
নিদান—ছিদ্রবিহীন ভীড়
নিদান অহ্ইয়ে—চেপে গেছে
নিব্—কলমের মাথা
নিবঅ—নিয়ে যাবে (সে)
নিবাক—নিয়ে যাবে (তারা)
নিবুলী—নিশ্চিদ্র
নিম্—তিতো গাছ বিশেষ
নিম্—নিয়ে যাবো (আমি)
নিম্মুয়া—চুপচাপ যে কাজ করে
নিম্মুয়া মাছ মারে তুলা ভরণ আনে—
নীবব কর্ম্মীর সাফল্য সব কাজে
নির—নিয়ে যাচ্ছি (আমবা)
নিরাতিত্যা—অসুবিধা
নিরাতিত্যা—কুলায় না কুলায়
নিরাতিত্যা গুরি—অসুবিধা অবস্থায়
নিরাতিত্যা গবি—কুলায না কুলায় ভাবে
নিবোচ্—নীচু স্তবের
*নিলোচ্—অনুগ্রহ ভিক্ষা
নিলোচ্-গরানা—অনুরোধ কবা
নিহ্-এই—আশ্চর্য্য বাচক উক্তি
নিহ্-য়েই পলধে—আরে পরে গেলো !
নিহ্-য়েই এভাঅ ন যায়—আরে !
এখনও যায় নি ?

নু

নুআ—নূতন
নুআ কাবব—নূতন কাপড়
নু-আ ভাত—নবান্ন
নু-আ বঝর—নববর্ষ
নুদী—অবান্তর, গাঁর পেঁয়াজী

* আর কথক্ মুই নিলোচ্ গরিম ইচ্যা ইয়ৎ থোক্,
লাজ্জেরবানা চিথি লেঘের তুই তিলিস্তার মোক্

আর কত আমি নিলোজ্জ করে চিঠি
লিখবো আজ এইখানেই থাক্,
লজ্জাহীন স্বামী এইভাবে লিখছি
তুমি আমার প্রেয়সী বলে।

"কিস্ ইস্‌দি কিই অক্ লাভ্, লাভ্ ইস্‌দি লক্ অব্ লাইফ্ উপন্যাসে"—লেখকের

চাঙমা	বাঙলা

বুড়া মুদী, করাহ্ মুদী সঙ্—বৃদ্ধের প্রেমের রসিকতা আর মুর্গীর অবাস্তব কর্কবানী সমান (তিত্‌কারী)
মুন্—লবন
মুন্ঝা—নোন্‌তা, মুন্ঝুয়া—নোনতা
মুন্ চুমা—লবনের চোঙা
মুনঅ-পণ্ডা—লণের বোস্কা
মু কল-মুয়া—লম্বা চোয়ালের মুখ
মুয়া—নূতন
মুয়া-বৌ—নূতন বো
মুয়া-ঘর—নূতন ঘর
মুয়া-পথ—নূতন রাস্তা

নে

নেজেত্তুঙ্—নিয়ে যেতাম (আমি)
নেই—নাই
নেইয়া মান্নুচ—অভাবগ্রস্ত লোক
নে-এই—নারী
নেক—জামাই, পতি
নেজা—নিয়ে যাও (তুমি)
নেজাঙ্—নিয়ে যাই আমি।
নেজাঙর—নিয়ে যাচ্ছি (আমি)
নেজার—নিয়ে যাচ্ছে সে।
নেজাদম—নিয়ে যাচ্ছে (তারা)
নেজেদ—নিয়ে যেতো (সে)
নেজেদাক—নিয়ে যেতো (তারা)
নেজানা—নিয়ে যাওয়া
নেজেম—নিয়ে যাবো (আমি)
নেজেব—নিয়ে যাবে (সে)
নেজেবাক—নিয়ে যাবে (তারা)
নেজেল—নিয়ে গেল (সে)
নেজেলাক—নিয়ে গেল (তারা)

চাঙমা	বাঙলা

নেজেলুঙ—নিয়ে গেলাম (আমি)
নেজেবাত্যায়—নিয়ে যাওয়ার জন্য

নো

নোনেই—আব্‌দার
নোনেই-গরে—আব্‌দার করে (সে)
নোনেই গর্‌য্যে—আব্‌দার করেছে (সে)
নোনেই গরের—আব্‌দার করছে (সে)
নোনেই গরল—আব্‌দার করলো (সে)
নোনেই গরিম—আব্‌দার করবো (আমি)
নোনেই গরিবঙ—আব্‌দার করবো
নোনেই গরিবাত্যায়—আব্‌দারের জন্য
নোনেয়া—আব্‌দারী
নোনেয়া-পুযা—আব্‌দারী ছেলে
নোনেয়মঝা—আব্‌দারী মেয়ে
ননেযা গরর ননেয়া পুযা আলালের ঘরে দুলাল

প

প-অ—পাও (তোমরা)
প-অন—পরিষ্কার
প-অন্ পানী—পরিষ্কার জল
পই—থালা, ভাত-পই—ভাতের থালা
পক্-পগানা—বক্ বক্ করা
পক্-পগায়—বক্ বক্ করে
পক্-পগেল—বক্ বক্ করলো
পক্-পগেলুঙ—গলীগালাজ করলাম
পক্-পগেলাক্—গালীগালাজ করলো
পক্‌থা—মোটা
পক্‌থা-মক্‌থা—মোটাসোটা
পগরা—পোকায় খাওয়া
পগরা-দাত—পোকায় খাওয়া দাঁত
* পগরা-দাদা—পোকা দাঁতওয়ালা

* প-গরা দাদা পুত্তাক খিয়া বরা ছাগলঅ বিজা খিয়া } পোকা দাঁতের ছেলেকে রাগানো

চাঙমা বাঙলা

পঙ—নৌকার ঝুপড়ী
পঙা—ফুল, বোস্কা
(কজু) পঙা—কচুর ফুল
সিধোল-অ পঙা-- নাহ্‌পীর বোস্কা
পচ্—পঁচে যাও
পচ্যে—পঁচে গেছে
পচ্ছ্যন—পঁচে গেছে
পজা— পঁচা
পজানা—পঁচানো
পজানা—দালা ঘুরিয়ে ধান বাছা
পজা—ধান-চাল বেছে নেওয়া
পজেই—পঁচাই, পজেয়—পঁচিয়ে নিয়ে
পজ্‌ঝনী—নিমন্ত্রণেব পবিবেশনকারী
পুজ্ঝ্‌নী—নিমন্ত্রণের পরিবেশনকারী
পজ্ঝন—কাহিনী, গল্প
পজ্ঝন কোই দিম—গল্প বলবো
পঝন্ অহনা—পছন্দ হওয়া
পঝাহ্—জিনিষপত্র
পঝাপিরা—ঘরের আসবাব
পঝিম্—পশ্চিম
পঝিম্-কিত্যা—পশ্চিমদিকে
পত্—তরকারীর সংখ্যা
পত্—রাস্তা
পত্-পোত্যা—সতেজ
পত্যানা—পস্তানো, আপ্‌শোচ্
পত্যাপত্যি—পরস্পর অনুশোচনা
পত্যেয়ে—অনুশোচনা করেছে (সে)
পত্যেয়ঙ—অনুশোচনা করেছি (আমি)
পত্যেয়ন—অনুশোচনা করেছে (তারা)
পত্যেল—অনুশোচনা করিল (সে)
পত্যেবে—পস্তাবে (তুমি)
পত্যেবাক্—অনুশোচনা করিবে (তারা)
পত্যেবাত্থায়—পস্তানোর জন্য

চাঙমা বাঙলা

পত্তিরেৎ—প্রতিরাত্রি
পত্তিথারা—গ্রাম্য খেলা
পত্তাপত্তি—প্রজাপতি
পত্তাপত্তি চবণে
আমা জুঝ্যা মরণে } প্রজাপতি ধরার ছন্দ
পত্য-জানা—বিশ্বাস করা, প্রত্যয় হওয়া
পত্য-নজাঙ—বিশ্বাস করিনা
পথ্য—রোগীর খাদ্য
পথ্যা—ভোরে
পথ্যা-রেদোৎ—ভোর রাত্রে
পথ্যা-মাথান—ভোরের দিকে
পথম—প্রথম, পথমৎ—সজাগ অবস্থা
পথমৎ দেখ্যঙ পারা সভনে দেখ্যঙ--
• সজাগের মত স্বপ্নে দেখেছি
পথমৎ—প্রথমে
পথমন্ধী —প্রথম দিকে
পথম, পথম—প্রথম প্রথম
পথান—রাস্তাটা, পথানৎ—রাস্তাতে
পধৎ—রাস্তায়, পধমায়—রাস্তাতে
পদাচ-পদাচ—পায়ের চুতীর শব্দ
পদাচ-পদাচ গরি যার—চুতীর শব্দে যাচ্ছে
পদাচ্-পদাচ্ চুয়াবায়—সশব্দে চড় মারে
পদে পদে—প্রতি পদবিক্ষেপে
পধন্ধী—রাস্তা দিয়ে
পধেন্ধী—রাস্তা দিয়ে
পধে পধে—পথে পথে
পন—কুড়ি গণ্ডা, প্রতীজ্ঞা
পন—পাহাড়েব ঢালুতে জলাশয়
প-অন্ পানী—স্বচ্ছ জল
পনেয়া—কাদা তলায় পরা অবস্থায়
পনেয়ে—পাতিত হয়েছে
পনেল—মায়ের স্তনে দুধ এসেছে
পর্ - অন্যজন, পাচ্ছ (তুমি)
পরর্—অন্যেব, পররে—অন্যকে

চাঙমা	বাঙলা
পর-পর্—দূরদূর ভাব, ঘনিষ্টতার অভাব	
পর—পড়ো, পরেহর্—পড়ছে (সে)	
পর্-পর্—পড়ো পড়ো (উপদেশ)	
পরঙ—শুয়ে যাই, পরে যাই	
পরঙ-অহ্না—বাসিন্ধা হওয়া	
পরঙ-পরঙ—পরে যাওয়ার অবস্থা	
পরঙ-পরঙ অহয়ে- পরে যাওয়ার অবস্থায়	
প-অর—আলো	
প-অর অহ্ইয়ে—আলোকিত হইয়াছে	
প-অর্ অহ্ল—আলোকিত হইল	
প-অর্ অহভ--ভোর হবে	
প-অর্ ফাদের—ভোর হচ্ছে	
প-অর ফাদি উধিল—ভোর হয়ে উঠলো	
পরবুয়া—পড়ুয়া, পর্-ভুয়া—পড়ো গিয়ে	
পরবুয়া পণ্ডিত—শিক্ষিত লোক	
পরেল্লোই—পরে যাচ্ছে গিয়ে	
পরাত্তে, পরাল্লে—জ্বলছে	
পরার—জ্বল্ছে, পরে—পরে যায়	
পরের—পরে যাচ্ছে (জিনিষ)	
পরতন—পরে যাচ্ছে (জিনিষ)	
পল-অ—পরে গেল (জিনিষগুলি	
পলাক—পরে গেল (জিনিষগুলি	
পরিবাত্যায়—পরে যাওয়ার জন্য	
পরোল্—চিচিঙ্ঘা	
বাচ্-পরোল্—কচি বাঁশের মাথা	
পল্লা, পল্ল—বার্বার্	
পল্লা- পালা	
পল্লাৎ পল্লাৎ পালায় পালায়	
পল্লাৎ পল্লাৎ—স্তরে স্তরে	
পল্লাৎ পল্লাৎ —বংশানুক্রমে	
পল্লাৎ পল্লাৎ তারা গমে দালায় থাধন—বংশানুক্রমে তারা সুখে কাটাচ্ছে	
পল্লা-পল্লী খারা—লুকোচুরি খেলা	
পল্লাহ্ন—ভাল শিকারী	

চাঙমা	বাঙলা
পলানা—পালানো, লুকিয়ে যাওয়া	
পলেম—লুকাবো (আমি)	
পলেল—লুকালো (সে)	
পলেলুঙ—লুকালাম (আমি)	
পলেয়ে—লুকিয়েছে (সে)	
পলার—পালাচ্ছে (সে)	
পলাদন—পালাচ্ছে (তারা)	
পলেই-যাদন -পালাচ্ছে (তারা)	
পলেই-যার -পালাচ্ছে	
পলেই যেবাত্যায়—পালিয়ে যাবার জন্য	

পা

পা-আ চুলাহ্	
পা-আৎ দে-- চুলাতে দাও	
ভাত পা আৎ দে—ভাত রান্না কর	
পা-আ--মতন (বড়)	
তা-পা-আ তার মত বড়	
তা-পারাহ—তার মত বড়	
পাআরাহ্—পাহারা	
পাআরাহ্-দেনা—পাহারা দেওয়া	
পাআরাহ্-পাআরাহ্—প্রতিযোগিতা	
পাআরাহ্-পাঝ্যা—ঝগড়া	
পাক --চালাক, ঝুনা	
পাকা-পুয়া—ঝানু ছেলে	
পাক-কথা সঠিক কথা	
পাক্কা-কধা--পাকা দালান	
পাকুয়া—পাখুই (পায়ের আঙুলের ফাঁকে)	
পাকুয়া অহই য়—পাখুই হয়েছে	
পাক্খোন—ত্রিকোণাকার বেতের ঝুড়ী	
পাখ্যে—পেকেছে, ঝুনা হয়েছে	
পাখ্যে—বিষাক্ত রক্ত জমেছে	
পাখ্যন পেকে ঝুনা হয়েছে	
পাগল—মতিচ্ছন্ন লোক	
পাগল্যা-বাচ্—বাঁশের টুকরা	

চাঙমা বাঙলা	চাঙমা বাঙলা
পাগানা—পাকানা, ঘুরানা	পাঙেই বেভাত্যায়—নৌকা চালাবার জন্য
(মাধা) পাগার—মাথা ঘুরাচ্ছে	পাচ্ছুয়া—পাঁচটা, পা-চ=পেয়ে থাক
পাগারাধেই—পাকড়াও ত	পাজন্—পাঁচ মিশালী তরকারী
পাগারা—পাকড়াও (তুমি)	পাজানা—উশৃঙ্খল আমোদ
প্যাগাঝ্যে—ধরে এনেছে (সে)	পাজারা ফারা—পাশ কাটিয়ে যাওয়া
পাগাঝ ন—ধরে এনেছে (তারা)	পাজারা ফার্য্যে—পাশ কাটিয়ে গেছে (সে)
পাগার্ল, পাগাল্য—ধরে আন্লো (সে)	পাজারা ফার্য্যন—পাশ কাটিয়ে গেছে
পাগাল্লাক্ পাগাল্যাক—ধরে আন্লো	পাজারা ফায্যঙ্—পাশ কাটিয়ে গেছি
(দড়ি) পাগানা--দড়ি পাকানো	পাজী—শয়তান, উল্লাস করি (আমরা)
পাগেয়া দড়ি--পাকানো রসি	পাজ্যামী—অশ্লীল রসিকতা
পাগোক -পাকুক, পাঘানাহ্ ঝুর্ণা	পাজাবা ফাঝে ্যই – পাশ কাটিয়ে গেছি
পাঘানা-আম —ঝুনা আম	পাজারা ফাল্য - পাশ কেটে গেল (সে)
পাঘাদোক—পাকা করুক (তারা)	পাজাবা ফাবিবাত্যায়—পাশ কাটার জন্য
পাঘানা-কাখোল্-পাকা কাঁঠাল	পাজীম- উশৃঙ্খল আচরণ করিব (আমি)
পাঘিল—ঝুনা হলো ফল)	পাজীব—উশৃঙ্খল আচরণ কবিবে (সে)
পাঘিলাক—ঝুনা হলো (ফলগুলি)	পাজীবাক উশৃঙ্খল আচরণ করিবে
পাঘোক্--পাকুক, ঝুনা হোক্ (ইহা)	পাজীলঅ—উশৃঙ্খল আচরণ ঝরিল
পাঘোদোক্—পাকুক, ঝুনা হোক্ (এইগুলি)	পাজীল্--প্রাচীর, আনন্দ করিল
পাঘোর—খোসা	পাজীল দিয়েল—প্রাচীর দিঙালো
উলু পাঘোর—চাল্তার খোসা	পাজীলাক—উশৃঙ্খল আচরণ করিল
পাঙ্—পাই, পাঙর—পাচ্ছি (আমি)	পাজীবাত্যায়—উশৃঙ্খল করিবার জন্য
পাঙ্ঘা—পাকা, পটিয়সী	পাজে—উন্মাদ আমোদ করে (সে)
কামে কজ্জে পাঙঘা—কাজে কর্ম্মে পটু	পাজোক্—উন্মাদ আনন্দ করুক (সে)
পাঙেই—নৌকার দাঁড়	পাজোদোক—উন্মাদ আনন্দ করুক(তারা)
পাঙেই-বাহ্—নৌকা চালাও	পাঝা—পাছা, পাঝা-বেঙা—পাছা বাঁকা
পাঙেই-বাহ্ব—নৌকা চালাচ্ছে (সে)	পাঝা-ভাঙা—পাছা ভাঙা অবস্থা
পাঙেই বাধন—নৌকা চালাচ্ছে (তারা)	পাঝা-দেনা--জ্বরের উপসম হওয়া
পাঙেই বাহ্ঙর—নৌকা চালাচ্ছি (আমি)	পাঝারানাহ্—আছাড় দেওয়া
পাঙেই বের্—নৌকা চালাচ্ছি (আমরা)	পাত্—চেপ্তা চাপ্ড়া
পাঙেই বেধঅ—নৌকা চালাতো (সে)	(নারেচ) পাত—পাট
পাঙেই বেধাক—নৌকা চালাতো (তারা)	(শন্) পাত—পাট
পাঙেই বেম্—নৌকা চালাবো (আমি)	পাত--বিছিয়ে রাখ
পাঙেই বেভঅ—নৌকা চালাবে (সে)	পাত্যা—বিছিয়ে রাখা অবস্থা
পাঙেই বেভাক—নৌকা চালাবে (তারা)	পাত্যো—বিছিয়ে রেখেছে (সে)

চাঙমা	বাঙলা

পাত্যন—বিছিয়ে রেখেছে (তারা)
পাত্যেল—খাড়া করিল (ঘিলা)
পাত্তল—নৌকার দিক পরিবর্ত্তন যন্ত্র
পাত্তলৎ-বচ্ছে—দিক নির্ণয় করাচ্ছে
পাথ্যা—পাঠা (ছাগল)
পাদল—হাল্কা, পাদা—পাতা
কলা-পাদা—কলা পাতা
পেথ্যা পাদা—জংলী পাতা
পাদা—বায়ু ছাড়া
পাথ্যে—বায়ু ছেড়েছে (সে)
পাথ্যন—বায়ু ছেড়েছে (তারা)
পাথ্যঙ—বায়ু ছেড়েছি (আমি)
পাথ্যেই—বায়ু ছেড়েছি (আমরা)
পাদিল—বায়ু ছাড়লো (সে)
পাদিবাত্যায়—বায় ছাড়ার জন্য
পাদালাহ্—উনোনের মাটির স্তম্ভ
পা-দালা—পাত্লা, পাদারা—ভীতু
পাদিলঅ—বিছিয়ে রাখলো (সে)
পাদিলাক—বিছিয়ে রাখলো (তারা)
পাদিবাত্যায়—বিছিয়ে রাখার জন্য
পাদি—বেতের মাদুর.
পা-ধঅ ?—মত বড় ত ?
তা-পা-ধঅ ?—তার মত বড় ত ?
পাধারী গাছ—পথের আড়াআড়ি গাছ
পাধারী—বিরুদ্ধাচরণ
অবাও পাধারী—চারিদিকে
অবাঙ পাধাঝ্যা—চারিদিকে
পাধা—পাঠা (ছাগল)
পাধা—পাঠাও
পাধালা—উনানের মাটির স্তম্ভ
পাবানা—পাঠানো
পাধেম—পাঠাবো (আমি)
পাধেয়—পাঠাবে (তোমরা)
পাধেয়ে—পাঠিয়েছে (সে)

চাঙমা	বাঙলা

পাধেল—পাঠালো (সে)
পাধেলাক—পাঠালো (তারা)
পাধেলুঙ—পাঠালাম (আমি)
পাধেবাত্যায়—পাঠাবার জন্য
পান—তাম্বুলের পাতা
পা-আন্—পায় (তারা)
পা-নাহ্—পাওয়া
(কজরী) পানা—কচুরী পানা
পান্ঝা—পানসে
(সে-ধাম) পান্ঝা—বোকা, সামর্থ্যহীন
পান্যাহ্—পান্সে জলীয়
পান্যাহ্-পুক্—জলীয় পোকা
পান্যাহ্-লবিয়োৎ—আন্তরিকবিহীন অভ্যর্থনা
পান্দালী—শাস্ত্র বই
পান্দালী পড়ানা—পূজার বই পড়া
পাপ্—অধর্ম, অকর্ম
পাপ্—দুই গীড়ার মধ্যস্থান
চুমা-পাপ্ দুই গীড়োর মধ্যবর্ত্তী অংশ
কুছ্যাল-অ পাপ—আঁখের গিরার মধ্যাংশ
পার-অ—সমর্থ হও (তোমরা)
পার্—উপর থেকে নামাও
পার—নদীর বা সমুদ্রের কুল, কিনারা
পার—সাড়ীর বা ধুতির পার
পারৎ—কিনারায়
পার-অহ্না উপর দিয়া চলে যাওয়া
পার-অহ্না—বিপদমুক্ত হওয়া
পার-অহ্না—মরে যাওয়া
পার-অহইয়ে—মরে গেছে
পার-অই্ইয়ে—উপর দিয়ে চলে গেছে
পার-অহ্ইয়ন—উপর দিয়ে চলে গেছে
পার-অহ্লুঙ—উপর দিয়ে চলে গেলাম
পার-অহ্লাক—উপর দিয়ে চলে গেল
পার-অহ্বাক্—উপর দিয়ে চলে যাবে

পার-ওহ্ম—উপর দিয়ে চলে যাবো
পার-অহভাত্থায়—ডিঙাবার জন্য
পারানা—উপর থেকে নামানো
পারয্যঙ—উপর থেকে নামিয়েছি (আমি)
পারয্যেই – উপরথেকেনামিয়েছি (আমরা)
পারয্যে—উপর থেকে নামিয়েছে (সে)
পারয্যন—উপব থেকে নামিয়েছে (তাবা)
পারল—উপর থেকে নামিয়েছে (সে)
পারাল্যা—গ্রামবাসী, পরসী
পারলাক—উপরথেকে নামিয়েছে (তাবা)
পারিম—উপর থেকে নামাতাম (আমি)
পারিবাক—উপর থেকে নামাবে (তাবা)
পারিত্তুঙ—উপর থেকে নামাবো (আমি)
পারিবাত্থায়—উপর থেকে নামাবাব জন্য
পারা—উপর থেকে সংগ্রহ কবা
পারা—গ্রাম, সমর্থ হওয়া
পারাহ্—তুলনা (বড়)
পারাহ্ পাঙ্—মনে হয়
পারাহ্ পান—মনে করে (তারা)
পারাহ্ পাধন—মনে করছে (তারা)
পারাহ্-পার্—মনে করছে (সে)
পারাহ্-গেধ—মনে করিত (সে)
পারাহ্-পেধাক মনে করিত (তারা)
পারাহ্-পেলুঙ্—মনে করলাম (আমি)
পারাহ্-পেলঙ্—মনে করলাম (আমরা)
পারাহ্-পেভে—মনে করবে (তুমি)
পারাহ্-পেভঙ—মনে করবো (আমরা)
পারাহ্-পেভা—মনে করবে (তোমরা)
পারাহ্-পেভাত্থায়—মনে হওয়ার জন্য
তা-পারাহ্—তার মত বড়
পারাহ্ পারাহ্—মত বড় বড়
পারানা—সমর্থ হওয়া
পার্ঝ্যঙ—সমর্থ হইয়াছি (আমি)
পার্ঝ্যন—সমর্থ হইয়েছে (তারা)

পার্লুঙ—সমর্থ হইয়াছি (আমি)
পারল—সমর্থ হইল (সে)
পারিলাক—সমর্থ হইল (তারা)
পারিব—সমর্থ হইবে (সে)
পারিবাক—সমর্থ হইবে (তারা)
পারিদ—সমর্থ হইত (সে)
পারিদাক—সমর্থ হইত (তারা)
পারিবাত্যায়—সমর্থ হওয়ার জন্য
পারি—সমথ হই
পারি—উপর থেকে নামাই
পারীহ্—গাই গরু
পারীহ্-স—স্ত্রী বাচ্চা
পালঙ্—অখাদ্য খাওয়ার বদভ্যাস
নূনঅ পালঙ্ - বেশী নুন খাওয়া
পালঙ্ - খাতিয়া
পাল—ঝাক, দল
পাল-অ—পালন কর (তোমরা)
পালা—পালন কর (তুই)
পালাহ্—কাহিনী, সুযোগ
পালাহ্ৎ—কাহিনীতে, সুযোগে
পালাহ্ৎ—সুযোগে (কাজের সময়)
তা-পালাহ্ৎ—তাব সুযোগে
ম-পালাহ্ৎ—আমার কাজের সময়ে
পার্ল, পাল্য—সমর্থ হলো
পাল্লা—মাপার বাটখারা, পারলে (তোমরা)
পাল্লাহন্—পারিতে (তোমরা)
পাল্যাক, পার্লাক—সমর্থ হলো (তারা)
পাল্লুঙ্, পাল্ল্যঙ—পারিলাম
পাল্ল্যা—পালিত, পারিলে (তোমরা)
পাল্ল্যা কুগুর—পালিত কুকুর
পাল্লেহ্—পোষণ করেছে, হুকুম মেনেছে
পাল্ল্যেই—পোষণ করেছি (আমরা)
পায়—পেয়ে থাকে, পাল্লে—পরিলে
পায়স্—দুধের মিষ্টি, পায়স্-খা—মিষ্ট খাও

চাঙমা	বাঙলা

পি

পিগীড়া, পিঙ্গীড়া—পিপ্‌ড়া
পিচ্ছুয়া—পিছন থেকে
পিচ্ছোল—পিছলা, পরিষ্কার
পিজী—পুঁথি, পিজী সরা—পুঁথির মালা
কেচ্‌-পিজী—এক প্রকার লাল পুঁথি
পিজুঙ্‌ বাচ্‌—শাঁখোর পাশে ধরার বাঁশ
পিজোর—রান্নাঘরের জায়গা
পিজোরেন্ধী -রান্নাঘরের দিকে
পিজোরৎ—রান্নাঘরে
পিঝা—পিসা মশায়
পিঝেই—পিসীমা
পিঝেন্দী—পিছন দিকে
পিঝিলাহ্‌—শিরা ফুলো (তেলদিৎ)
পিঝুঙ—আন্তরিক হিংসা
পিৎ—শরীরের পিছন অংশ
পিৎথান—পিঠটা, পিটু—পিটাও
পিত্তমরা—শারীরিক দুর্ব্বলতা
পিত্তুঙ-গুলা—একপ্রকার ছোট ফল
পিত্তমরা-স—মনমরা ছেলে
পিত্তী ফেলানা—তাম্বুলের ফিক্‌ফেলা
পিথীমি—পৃথিবী
পিথ্যাঙ—পিটেছি (আমি)
পিথ্যা ফগীরাহ্‌—চাক্‌মা সাধক
পিথ্যেই—পিটেছি (আমরা)
পিথ্যে—পিটাই দিয়েছে (সে)
পিদিলুঙ—পিটাই দিলাম (আমি)
পিদান—পেঠাই দেওয়া
পিদা-পিদি -মারপিট
পিদিলাক—পিটাই দিল (তারা)
পিদিম—পিটাই দিব (আমি)
পিদিবঙ—পিটাই দিব (আমরা)
পিদিবাত্যায়—পিটাই দিবার জন্য
পিদি পিটাই দিই (আমরা)

চাঙমা	বাঙলা

পিদিয়া—কাঁচা শুকনা
পিতুলী—গর্ভবতী, সন্তান সম্ভবা
পিতুলী ইয়ে—গর্ভবতী হয়েছে
পিতুলী-দাবা—গরগরী হুক্কা
পিদেয়া—কাঁচা শুকনা
পিদেয়ে—কাঁচা অবস্থায় শুকিয়েছে
পিদোল—পিতল
পিদোল পিলা -পিতলের হাড়ী
পিদোল-খুম্‌ পিতলের কলসী
পিধা-তুগানা—পিঠা তৈরী করা
পিধা-তুপ্যে—পিঠা তৈরী করেছো
পিধা-তুপ্যেই—পিঠা তৈরী করলাম
পিধা-তুবিল—পিঠা তৈরী করলো
পিধা-তুবিলাক—পিঠা তৈরী করলো
পিধা-তুগিবাত্যায়—পিঠা তৈরীর জন্য
পিধা-পুল্যাহ্‌ঙ -পিঠার ঝুড়ী
পিধিৎ -পিঠে,পিধি-চাম্‌—পিঠের চামড়া
পিধি-চাম্‌ তুলি দিম্‌—পিটাবো
পিধিৎ-বুগীম- পিঠে-চড়বো, চড়াবো
পিন্‌—পরিধান কর, কাগজ গাথার সূই
পিনানা—পরিধান করা
পিনন্‌—পরিধান করে, পিনেহ্‌র—পরছে
পিনোন -মেয়েদের পরনের কাপড়
পিনোন-পিনেহ্‌— পরনের কাপড় পরে
পিনোন-পিন্যে—কাপড় পরেছে (সে)
পিনোন-পিন্যন—কাপড় পরেছে তারা)
পিনোন-পিনধাক—কাপড় পরিত (তারা)
পিনোন-পিনিবাত্যায়—কাপড় পরার জন্য
পিরা- বেদনা, অসুখ
পিরা পাঙ—বেথা পাই (আমি)
পিরা পেম্‌—বেথা লাগবে (আমার)
পিরা পেভ—বেথা লাগবে (তার)
পিরা-পেলঅ—বেথা পেলো (সে)
পিরা-পেলাক—বেথা পেলো (তারা)

চাঙমা	বাঙলা

পিরা-পেলুঙ—বেথা পেলাম (আমি)
পিরা-পিয়ঙ—বেথা পেয়েছি (আমি)
পিরা-পিয়ন—বেথা পেয়েছে (তারা)
পিরা-পেবাত্যায়—বেথা পাওয়ার জন্য
পীরা—অসুখ
পীড়া পর্ঝ্যে—অসুখ হয়েছে (সে)
পীরা পলহ্—অসুখ হয়েছে (সে)
পীরা-পলাক—অসুখ হয়েছে (তারা)
পীরা-পর্ঝ্যঙ—অসুস্থ হয়েছি (আমি)
পীরা পলুঙ—অসুস্থ হলাম (আমি)
পীড়াহ্—বসার আসন
পীড়াৎ বছ্যঙ—আসনে বসলাম (আমি)
পীড়াৎ বছ্যেই—আসনে বসেছি (আমরা)
পীড়াৎ বর্চ্যন—আসনে বসলো (তারা)
পীড়াৎ বলঅ—আসনে বসলো (সে)
পীড়াৎ বলাক—আসনে বসলো (তারা)
পীড়াৎ বভাত্যায়—আসনে বসবার জন্য
পীড়াৎ বঝিভাল্যায়—আসনে বসবাব জন্য
পিলা—রান্নার হাড়ী
পিলা-গুলা—একপ্রকার ফল
ভাত-পিলা—ভাতের হাড়ী
তোন-পিলা—তরকারীর হাড়ী
পিলোই—প্লীহা
পিলোই কাবে—হৃদকম্প হয় (ভয়ে)
পিয়অ—পেয়েছ (তোমরা)
পিয়ে—পেয়েছে (সে)

পু

পুক্—পোকা
পুক্—উপর থেকে পরার শব্দ
পুক্—পূর্ব্বদিক
পুক্-মুখ্যা—পূর্ব্বমুখী
পুঙ্ পুঙ্যা—কেঁপে ওঠা
উভুঙ পুঙ্—দুইকূল প্লাবিত (নদী)

চাঙমা	বাঙলা

পুঙ্-পাঙ্—গণ্ডগোল
পুঙ্-পাঙ্ গরি বেক তেঙাগুণ ফেল্যোগৈ
—দরকারে অ-দরকাবে সব টাকা
নিঃশেষ করেছে গিয়ে
পুচ্—দূষিত রক্ত
পুচ্ এঝের—সাদা রক্ত আসতেছে
পুচ্-পুচ্যা- -ছিড়ে যাওয়ার মত
পুচ্-পুচ্যা দড়ি—ছিড়ার অবস্থায় দড়ি
পুচ্—মুছে ফেল
পুছ্যঅ—মুছবে (তোমরা)
পুছ্যঙ্—মুছলাম (আমি)
পুছ্যা—মুছা অবস্থা
পুছ্যা—খুশী করো (তুমি)
পুছ্যানা—খুশী করা
পুছ্যাল্—ঔষধের মাত্রা
পুছ্যোল্—খুশী করলো (সে)
পুছ্যোলাক—খুশী করলো (তারা)
পুছ্যোলুঙ—খুশী করলাম (আমি)
পুছ্যোয়েই—খুশী করলাম (আমরা)
পুছ্যোব—খুশী করবে (সে)
পুছ্যোবাক্—খুশী করবে (তারা)
পুছ্যোবাত্যায় -খুশী করার জন্য
পুজনী—মুছার কাপড়
(মোগহ্) পুজনী— বৌ-এর মুছার
কাপড়
(ঘর) পুজনী—ঘর মুছার কাপড়
পুজ্জনী—পরিবেশনকারী (বিয়ের)
পুঝব গরানা—জিজ্ঞাসা করা
পুঝর গর্য্যঙ - জিজ্ঞাসা করেছি (আমি)
পুঝর গর্যন- জিজ্ঞাসা করেছে (সে)
পুঝর গল্যাক—জিজ্ঞাসা করলো (তারা)
পুঝর গল্লাক—জিজ্ঞাসা করলো (তারা)
পুঝর গল্লুঙ—জিজ্ঞাসা করলাম (আমি)
পুঝর গল্ল -জিলাসা করলো (সে)

চাঙমা	বাঙলা

পুঝর গরিবাত্যায়—জিজ্ঞাসা করার জন্য
পুঝঅ—মুছ (তোমরা), পুঝা—মুছা
পুঝা ধঝ্যো—মুছতে লেগেছে
পুঝা ধল্ল, ধল্য—মুছতে লাগলো
পুঝা-পুঝি—মুছামুছি
পুঝা-পুঝি গরথন—মুছামুছি করছে
পুঝে—মুছে, পুঝের—মুছতেছে
পুঝাক—পুঁই-শাক
পুঝা পাঝায়—মুছে
পুঝুৎ -সচ্ছল গতি, পুঝুৎ পুঝুৎ—ঘনঘন
পুঝুৎ পুঝুৎ এঝে—ঘনঘন আসে
পুঝুৎ গরি—সহজভাবে
পুৎ –পুত্র (সম্বোধন)
পুত্‌ পুত্যা—ফুটফুটে, সতেজ
পুত্‌ পুত্যা জুন পর—স্পষ্ট জ্যোস্নার আলো
পুথা-রাদা ডাগৎ- ভোরেমোরগের ডাকে
পুদঅ-বো—পুত্রবধু
পুদঅ-বো আন্‌হে—ছেলের বিয়ে দিয়াছে
(ঘুমঅ) পুত্তঙ্‌-পাদাঙ—ঘুমের ঘোরে
পুধুচ্‌-পাধাচ—মোটমাট, মারপিট
পুধুম-পাধাম—মারপিঠ (শব্দ)
পুণ্যা—পুণ্যাহ
পুর্‌-বানাহ্‌—দিন ঠিক করা (বিয়ের)
পুর্‌-বান্যেহ্‌ই—দিন ঠিক করেছি
পুর্‌-বাণিবাত্যায়—দিন ঠিক করার জন্য
মেলা-পুর্‌—(বিয়ের) তারিখ
পুরা—সম্পূর্ণ, জ্বালানো
পুরাপুরি—সম্পূর্ণ
পুরি ফেলানা—ভুলা
পুরি ফেল্যো—ভুলে গিয়াছে (সে)
পুরি ফেল্যঙ—ভুলে গিয়াছি (আমি)
পুরি ফেলেভ—ভুলে যাবে (সে)
পুরি ফেলেবাক—ভুলে যাবে (তারা)
পুরি ফেলেবাত্যায়—ভুলে যাওয়ার জন্য

চাঙমা	বাঙলা

পুরিজানা—জ্বলে যাওয়া
পুরি জিয়ে—জ্বলে গেছে
পুরি ফেল্যো—জ্বালিয়ে ফেলেছে (সে)
পুল্‌—রেগা, ব্রীজ
পুল্যাহ্‌ঙ—বিশেষ রকমের বেতের ঝুড়ী
পুয়া—পুত্র, সন্তান, পুয়া-সা—ছেলেমেয়ে
পুরুঙ্‌, পুরুঙ্‌ বাচ্‌—তীব্র গন্ধ
পুরেয়ঙ—পূর্ণ করিয়েছি
পুরেই দ্য-ঙ—পূর্ণ করে দিয়েছি
পুরেই দ্যঙ—পূর্ণ করে দিই
পুরুঙ্‌ পুরুঙ্‌ ঘুম—অঘোরে ঘুমানো
পুরেই দ্য-ন—পূর্ণ করে দিয়াছ
পুরেই দিবাত্যায়—পূর্ণ করার জন্য

পে

পে-ই—পাই (আমরা)
পেই-পৈঝা—পাই-পয়সা
পেয়ঙ -পাইয়াছি (আমি)
পেয়েই—পাইয়াছি (আমরা)
পেলুঙ—পেলাম (আমি)
পে-ল—পাইল (সে)
পেলাক—পাইল (তারা)
পা-র—পাইতেছে (সে)
পাদন—পাইতেছে (তারা)
পেভাত্যায়—পাইবার জন্য
পেক্‌—কাদা, পে-ক্‌—পাখী
পেক্‌-পেক্যা—পেঁচ্‌-পেচে
পেক্‌-পেক্যা তেল—অত্যধিক তৈল
পেক্কুয়া—কাদার-ভাব্‌
পেক্কুয়া-বাচ্‌—কাদার গন্ধ
পেগানা—কাদা বানানো
পেগেয়ে—কাদা বানিয়েছে (সে)
পেগেয়ন—কাদা বানিয়েছে (তারা)
পেগেলাক—কাদা বানালো

চাঙমা	বাঙলা

পেগেবাত্যায়—কাদা বানানোর জন্য
পেচ্—কৌশল, পেচ্-দেনা—ল্যাঙ মারা
পেচ্-ত্থে—ল্যাঙ মেরেছে (সে)
পেচ্-ত্থন—ল্যাঙ মারে (তারা)
পেচ্চাল—অর্দ্ধসিদ্ধ
পেচ্চাল-ভাত—বাইরে নরম ভিতরে শক্ত
পেজা—পেঁচা
পেজানা—ঘুরিয়ে ঘুরিয়ে বাঁধা
পেজানা—নানাভাবে প্রশ্ন করা
পেজার—নানাভাবে প্রশ্ন করছে
পেজাদন—প্রশ্ন করছে (তারা)
পেজেল—প্রশ্ন করলো (সে)
পেজেলাক—প্রশ্ন করলো (তারা)
পেন দলঙ—পৈন্ট, পেন্টুলুন
পেদানা—মাটি থেকে সংগ্রহ করা
পেদানা—আন্তরিক আগ্রহ
পেদেবেনে ?—আগ্রহ করিবে কি ?
পেন্-পেনায়—তিরস্কার করে
পেন্-পেনার—গালী দিচ্ছে
পেন—রান্নার পাত্র, পেট—ভুরী
পেট-ভরণ খা—ভুরী ভোজন কর
পেদা—নাড়ীভূরী, সংগ্রহ কর (তুমি)
পেদা-গালানা—নারীভুরী বাহির করা
পেদাপেদি—সংগ্রহ করা
পেদাপেদি—পরস্পর আগ্রহ
পেদাগালী দিম—নাড়াভুরী বেড় করবো
পেদাগালী দিব—নাড়ীভুরী বের করবে
পেদা-গাল্যে—দুর্নাম করেছে
পেবের-পেবের—অবিশ্রান্ত তিরষ্কার করা
পের্-পেরানা—দোষারূপ করে যাওয়া
পের্-পেরার্—দোষ দেখিয়ে বকছে
পের্-পেরেল—বকলো (সে)
পের্-পেরেলাক—বকলো (তারা)
পের্-পেরবাত্যায়—বকবার জন্য

চাঙমা	বাঙলা

পের্গা—গায়ের ময়লা
পেল—পার, সাড়ি পেল—সাড়ীর পার
ধুধি পেল—ধুতির পার
পেলহ্,—পাইল
পেল-অ—পাইল (সে)
পেলুঙ—পাইলাম (আমি)
পেভ—পাইবে (সে)
পেভঙ—পাইব (আমরা)
পেভাত্যায়—পাইবার জন্য
পেম্—পাইব
পেব্বুয়া—ঝুড়ী বিশেষ
পেল্-পেল্যা ধুতি—পারওয়ালা ধুতি
পেলাঙ্ বেষ্ট যানা—উপ্চে পরা
পেলাঙ পেলাঙ—কানায় কানায়
পেলে পেলে—কানায় কানায়

পো

পোই—থালা
পোই পাদনা—থালা লাগানো
(ভাত) পোই—ভাতের থালা
ভাত-পোই আন্‌ন—থালা এনেছে
পোইলা—পহেলা, প্রথম
পোইলা-পোইলা—প্রথম প্রথম
পোইলা-যিয়ঙ—প্রথম গিয়াছি
পোইলা-যেম—প্রথম যাবো (আমি)
পোইলা-যিয়ে—প্রথম গিয়াছে (সে)
পোইলা-যিয়ন—প্রথম গিয়াছে (তারা)
পোইলা-যেবে—প্রথম যাবে (তুমি)
পোইলা-যেব—প্রথম যাবে (সে)
পোইলা-যেবাত্যায়—প্রথম যাওয়ার জন্য

ফ

ফক্—ছোট ছিদ্র, ফক্-ফগানা—বাচাল্
ফক্-ফক্যা—ফোস্কার মত
ফগনা—বেলুন, ফক্মুয়া—গালী-বিশেষ

চাঙমা	বাঙলা

মাঝঅ-ফগনা—মাছের ফোট্‌না
ফগা—গোপন গর্ত্ত
ফগা-ফগা—বহুমুখী গর্ত্ত
ফগা-আবাজ—গুলীহীন আওয়াজ করা
ফগাদাঙ গরি-দেনা—গোপন ফাঁস করা
ফগদাঙ—বেফাস
ফগদাঙ-অহ্‌ইয়ে—বেফাস হয়েছে
ফগাদাঙ-গল্ল—গোপন তথ্য বলে দিল
ফগাদাঙ-গল্লাক—গোপন তথ্য বলে দিল
ফগদাঙ-গল্লুঙ গোপন তথ্য বল্লাম
ফগাদাঙ-গঝ্যে—গোপন তথ্য বলে দিল
ফগদাঙ-গঝ্যন--গোপন তথ্য বলে দিল
ফগদাঙ-গরিবাত্যায়—গোপন বলার জন্য
ফঝা—ফোস্কা
ফঝা-উঠ্যে—ফোস্কা পরেছে
ফঘনা—বেলুন, ফট্‌কা
মাঝঅ-ফঘনা—মাছেব ফোট্‌কা
ফবক্—বিলাসিতা, বাস্তার ছোট ছিদ্র
ফধগী—বিলাসিনী
ফদাঙ-তাঙ—পরিস্কার আলোকিত
ফদা-ফুত্যা -চিত্রবিচিত্র ফোঁটায় আবৃত
ফধনা-খাঝা—একপ্রকাব বেতেব খাঁচা
ফণা—সাপের মাথা, ফভানা—হাঁপানো
ফভাদন—হাঁফাচ্ছে (তারা)
ফভানা--ঘনঘন শ্বাস নেওয়া
ফভার—ঘনঘন শ্বাস নিচ্ছে (সে)
ফর্‌-ফরানা--ছটপট কবা
ফর্‌-ফরানা—অবাস্তর মূল্যহীন কথা বলা
ফর্‌-ফরায়—ফৎফৎ করে (সে)
ফরা—ফোঁড়া, জমানো দূষিত রক্ত
ফর্‌-ফোঝ্যা—সিদ্ধ ভাত (শুকনা)
ফর্‌-ফোঝ্যা—সরল আলাপ
ফল—শশা, ফল—পরিণাম
ফল-পেভে—পবিণতি পাইবে (তুমি)

চাঙমা	বাঙলা

ফা

ফাগা-আবাজ—গুলীহীন বন্দুকের শব্দ
ফাগা—ফাঁকা
ফাগা-অহ্‌ইয়ে—ফাক্‌ হয়েছে
ফাগা—মুখের ঘা, মিথ্যাবাদী
ফাগারা—ফাঁকী বাজ (লোক)
ফাগাড়াহ্‌—বড় কোদাল
ফাগী—চূর্ণ বিচূর্ণ
ফাগী-গর্য্যঙ—চূর্ণ বিচূর্ণ করেছি (আমি)
ফাগী-গর্য্যে—চূর্ণ বিচূর্ণ করেছে (সে)
ফাগী-গর্য্যন—চূর্ণ বিচূর্ণ কবেছে (তাবা)
ফাগু—চূর্ণ বিচূর্ণ
ফাগু-গরানা—চূর্ণ বিচূর্ণ করা
ফাগু-গর্য্যঙ —চূর্ণ বিচূর্ণ করেছি (আমি)
ফাগু-গয্যেই—চূর্ণ বিচূর্ণ করেছি (আমবা)
ফাগু-গয্যে—চূর্ণ বিচূর্ণ কবেছে (সে)
ফাগু-গয্যন—চূর্ণ বিচূর্ণ করেছে (তারা)
ফাগু-গল্ল—চূর্ণ বিচূর্ণ কবলো (সে)
ফাগু-গল্লাক—চূর্ণ বিচূর্ণ কবলো (তারা)
ফাগু-গরিবাত্যায়—চূর্ণ বিচূর্ণ কবাব জন্য
ফাঙ গরানা—বৌদ্ধ ভিক্ষুক নিমন্ত্রণ কবা
ফাঝা—বদ-অভ্যাস
ফাঝানা—ফাঁসিয়ে দেওয়া
ফাঝেই থুঙ -ফাঁসিয়ে দিয়েছি (আমি)
ফাঝেই থেই—ফাঁসিয়ে দিয়েছি (আমরা)
ফাঝিল—রসিক, ফাঝলামী—রসিকতা
ফাত্‌—ছিড়ে ফেল (তুমি)
ফাত্যে—ছিড়েছে
ফাত্যঙ—ছিড়ে ফেলেছি (আমি)
ফাত্যেই -ছিড়ে ফেলেছি (আমবা)
ফাদিলুঙ—ছিড়ে ফেল্লাম (আমি)
ফাদিলঙ—ছিড়ে ফেল্লাম (আমবা)
ফাদিবাত্যায়—ছিড়ে ফেলার জন্য
ফাত্তুয়া—ভব ঘুরে

ফাত্তুয়া-বেড়ায়—ঘুরে বেড়ায়
ফাত্তুয়া কুগুর—রাস্তার কুকুর
ফাধা—ছিড়া
ফাধা-কানি—ছিড়া কাপড়
ফাধা বাচ্- ফাঁটা বাঁশ
ফাধালাহ্—ব্যক্তিত্বহীন
ফাধালাহ্-অহ্ইয়ে—হেয় হয়ে উঠেছে
ফানাচ্-বাত্তি -ফানুস বাতি
ফানুয়া গালী—ফানুসের মত গাল (মেয়ে)
ফার্—কোমড়, ফারদ্দবী-- কোমড়ের দড়ি
ফারক্—পার্থক্য, ফার্—চিড়ে ফেল্
ফারক্-আঘে—পার্থক্য আছে
ফারৎ -- কোমড়ে, ফার্-ত—চির্তো
ফার্-সঙ্—কোমড় পর্য্যন্ত
ফার্য্যা, ফার্য্যা—চিড়া অবস্থা
ফার্য্যাদার্বুয়া—চিড়া-লাকড়ী
ফারাঙী—কুষ্ঠরোগ
ফাল্--লাঙলের মাটী কাটার অংশ
ফাল্—দড়ির ফাঁদ
ফালৎ বান্যেহ—ফাঁদে বেঁধেছে (সে)
ফাল্—লম্ফ, ফাল্মারা—লাফ্ দেওয়া
ফাল্-মার্য্যঙ—লাফ দিয়েছি (আমি)
ফাল্-মারল— লাফ দিল (সে)
ফাল্-মারিব—লাফ দিবে (সে)
ফাল্-মারলুঙ—লাফ দিলাম (আমি)
ফাল্-মার্য্যে—লাফ দিয়াছে (সে)
ফাল্-মার্য্যন—লাফ দিয়াছে (তারা)
ফাল্-মারিবাত্যায় - লাফ দিবার জন্য
ফাল্যানা—লাফানো
ফাল্যা— লাফাও (তুমি)
ফাল্যেম—লাফাবো (আমি)
ফাল্যেব—লাফাবে (সে)
ফাল্যেবাক—লাফাবে (তারা)
ফাল্যেলুঙ—লাফালাম (আমি)
ফাল্যেল—লাফালো (সে)
ফাল্যেলাক—লাফালো (তারা)
ফাল্যার—লাফাচ্ছে (অত্যধিক খুশী)
ফাল্যেবাত্যায়—লাফাবার জন্য

ফি

ফিগ্যা-ফিক্যা – অসামঞ্জস্য অগ্রভাগ
ফি-বলা—অমাঙ্গলিক চিহ্ন
ফি-বলক – মুখামুখী না হওয়া
ফি-বলক অহ্না –পাশ কেটে যাওয়া
ফি-বলক অহ্য়েই –পাশ কেটে গেছি
ফি-বলক অহ্ইয়ন—পাশ কেটে গেছে
ফি-বলক অহ্ল—পাশ কেটে গেল (সে)
ফি-বলক অহ্লাক—পাশ কেটে গেল
ফি বলক অহ্বাত্যায়—পাশ কাটার জন্য
ফি-বাছ্যে—অমঙ্গল হয়েছে
ফি-ভাক –খুঁটি
ফি-ভাক্-দিম্ –খুঁটি লাগাবো (আমি)
ফি-ভাক্ দিলুঙ খুঁটি লাগালাম (আমি)
ফি-ভাক্ দিল—খুঁটি লাগালো (সে)
ফি-ভাক্ দিবাত্যায়—খুঁটি লাগাবার জন্য
ফি-বীব ফি-বীর বুয়ার ফুর্ফুরে হাওয়া
ফির্—ঘুরে যাও
ফিরানা—ঘুরে যাওয়া
ফিরিম—ঘুরবো (আমি)
ফিরিভ—ঘুরবে (সে)
ফিরিবাক—ঘুরবে (তারা)
ফিরল—ঘুরলো (সে)
ফিরলাক—ঘুরলো (তারা)
ফিরিবাত্যায়—ঘুরবার জন্য
ফিরি ইচ্ছ্যে -ফিরে এসেছে (সে)
ফিরি এম্—ফিরে আসবো (আমি)
ফিরি এভ—ফিরে আসবে (সে)
ফিরীঙ্—ফরীঙ্

ফিরে—ঘুরে
ফিরেম—ঘুরাবো (আমি)
ফিরেব—ঘুরাবে (সে)
ফিরেবাক—ঘুরাবে (তারা)
ফিরেল—ঘুরালো (সে
ফিরেলাক—ঘুরালো (তারা)
ফিরেবাত্তায়—ঘুরাবার জন্য

ফু

ফু—মুখের বাতাস
ফুগুদী কানা—বেড়ার ছোট ছিদ্র
ফুচ্-ফাচ্—অবোধী ইংরেজী, গোলমাল
ফুজুক্-ফাজাক্—এলোমেলোভাবে ঢিলা
ফুজুৎ গরি—হঠাৎ
ফুজুৎ ফুজুৎ—ঘন ঘন
ফুঝী—শাক জাতীয় মশলা
ফুঝুৎ-পাঝাৎ—যেদিকে পারে যাওয়া
ফুঝুৎ-গরি—অতি সহজ ভাবে
ফুঝুলাহ্—পরামর্শ দাও (তুমি)
ফুঝুলানা—পরামর্শ দেওয়া
ফুঝুলেম—পরামর্শ দিব (আমি)
ফুঝুলেবঙ—পরামর্শ দিব (আমরা)
ফুঝুলার—পরামর্শ দিচ্ছে (সে)
ফুঝুলাদন—পরামর্শ দিচ্ছে (তারা)
ফুঝুলেল—পরামর্শ দিল (সে)
ফুঝুলেলুঙ—পরামর্শ দিলাম (আমি)
ফুঝুলেলঙ—পরামর্শ দিলাম (আমরা)
ফুঝুলেলাক—পরামর্শ দিল (তারা)
ফুঝুলেধ—পরামর্শ দিত (সে)
ফুঝলেদাক—পরামর্শ দিত (তারা)
ফুঝুলেবাত্যায়—পরামর্শ দেবার জন্য
ফুথ্যে—প্রস্ফুটিত হয়েছে (এক)
ফুথ্যন—প্রস্ফুটিত হয়েছে (বহু)
ফুধানা—প্রস্ফুটিত হওয়া (ফুল)
ফুধিব—প্রস্ফুটিত হইবে (এক)
ফুধিবাক্—প্রস্ফুটিত হইবে (বড়)
ফুধিল—প্রস্ফুটিত হইল (এক)
ফুধিলাক—প্রস্ফুটিত হইল (বহু)
ফুধিবাত্থায়—প্রস্ফুটিত হইবার জন্য
ফুধানা—প্রসব করা, ফুধ্ৎ—কাদায়
ফুধ্ৎ পঝ্যে—কাদায় পরেছে
ফুধেয়ন—প্রসব করেছে (তারা)
ফুধেল—প্রসব করিল (সে)
ফুধেলাক—প্রসব করিল (তারা)
ফুধেভ—প্রসব করিবে (সে)
ফুধেবাক—প্রসব করিবে (তারা)
ফুধেদ—প্রসব করিত (সে)
ফুধেদাক—প্রসব করিত (তারা)
ফুধেবাত্থায়—প্রসব করিবার জন্য
ফুধানা—বিদ্ধ হওয়া, ফুধা—ফোটা
ফুধেয়ে—বিদ্ধ হয়েছে (সে)
ফুধেয়ন—বিদ্ধ হয়েছে (তারা)
ফুধেল—বিদ্ধ হইল (সে)
ফুধেলাক—বিদ্ধ হইল (তারা)
ফুধেয়ে—বিদ্ধ হয়েছে (সে)
ফুধেয়ন—বিদ্ধ হয়েছে (তারা)
ফুধেদ—বিদ্ধ হইত (সে)
ফুধেদাক—বিদ্ধ হইত (তারা)
ফুধেবাল্যায়—বিদ্ধ হইবার জন্য
ফুধানা—জোরে ফেটে যাওয়া
ফুথ্যে—জোরে ফেটে গেছে (এক)
ফুথ্যন—জোরে ফেটে গেছে (বহু)
ফুধিলাক—জোরে ফেটে গেল (বহু)
ফুধিল—জোরে ফেটে গেল (এক)
ফুধিদ—জোরে ফেটে যেত (এক)
ফুধিদাক—জোরে ফেটে যেত (বহু)
ফুধিবাত্যায়—জোরে ফাটার জন্য
ফুধুচ্ ফাধাচ—বুঝা পরাকরা (মারামারি)

চাঙমা	বাঙলা
ফুধুচ্ ফাধাচন-গরিচ্—গোলমাল করিওনা	
ফুথচ্ ফাধাচ্ দি ফেল্যে—বোঝাপরা করলো	
ফুধানী—ফুটানী, বাহাদুরী	
ফুধানী দেঘার—ফুটানী দেখাচ্ছে (সে)	
ফুধানী দেঘাদন—ফুটানী দেখাচ্ছে	
ফুধানী দেঘেভ—ফুটানী দেখাবে (সে)	
ফুধানী দেঘেবাক—ফুটানী দেখাবে	
ফুধানী দেঘেলাক—ফুটানী দেখালো	
ফুধানী দেঘেল—ফুটানী দেখালো (সে)	
ফুধানী দেঘেম—ফুটানী দেখাবো (আমি)	
ফুধানী দেঘেবঙ—ফুটানী দেখাবো	
ফুধানী দেঘেধ—ফুটানী দেখাতো (সে)	
ফুধানী দেঘেদাক—ফুটানী দেখাতো	
ফুধানী দেঘেবাত্থায়—ফুটানী দেখাবার জন্য	
ফুধুর—সর্বহারা, ফঁতুর	
ফুধুর অহ্ইয়ে—সর্বহারা হয়েছে (সে)	
ফুধুর অহ্ইয়ন—ফুতুর হয়েছে (তারা)	
ফুধুর অহ্ল—সর্ব্বশান্ত হলো (সে)	
ফুধুর অহ্লাক—সর্ব্বশান্ত হলো (তারা)	
ফুধুর অহ্ভ—সর্ব্বশান্ত হবে (সে)	
ফুধুর অহ্ধ—সর্ব্বশান্ত হতো (সে)	
ফুধুর অহ্ধাক—সর্ব্বশান্ত হতো (তারা)	
ফুধুর অহ্ভাত্থায়—সর্ব্বশান্ত হওয়ার জন্য	
ফুন্—মুখের বাতাস (ফু)	
ফুন্-দেনা—ফু দেওয়া	
ফুন্-দের—ফু দিচ্ছে (সে)	
ফুন্-দেদন—ফু দিচ্ছে (তারা)	
ফুন্-দিব—ফু দিবে (সে)	
ফুন্-দিবাক—ফু দিবে (তারা)	
ফুন্-দিল—ফু দিল (সে)	
ফুন্-দিলুঙ্—ফু দিলাম (আমি)	
ফুন্-দিলঙ—ফু দিলাম (আমরা)	
ফুনত্থনী চুমা—ফু দেওয়ার চোঙা	
ফুনদুরী চুমা—ফু দেওয়ার চোঙা	
ফু-পায্যা মানুচ্—যাদুমন্ত্র জানা লোক	
ফু-বাচ্—ফু দিয়ে বাঁশ তীর উড়ানো	
ফুর্—ছিদ্র কর (তুমি)	
ফুরান—ছিদ্র করা	
ফুরিম—ছিদ্র করবো (আমি)	
ফুরিভ—ছিদ্র করবে (সে)	
ফুর্য্যাঙ—ছিদ্র করেছি (আমি)	
ফুর্য্যন—ছিদ্র করেছে (তারা)	
ফুরিল—ছিদ্র করলো (সে)	
ফুরিলুঙ—ছিদ্র করলাম (আমি)	
ফুরিবাত্যায়—ছিদ্র করিবার জন্য	
ফুর্-বারেঙ—কারুকার্য, ঝুড়ি	
ফুর্-দেনা—ইন্‌জেক্‌শন দেওয়া	
ফুর্-ফুয্যা—ঝড় ঝড়ে সিদ্ধ	
ফুর্-ফুরার্—ছট্‌ফটাচ্ছে	
ফুলা -ফুলে উঠা, ফুল্যা—ফুলে উঠা অবস্থা	
ফুল্যা-পাক্যা—রক্ত দূষিতের জন্য পাকা	
ফুলু-ফালা ভাচ্—অসামঞ্জস্য কথা	
ফুলু-ফালা ভাচ্ মাদে—অমিল কথা বলে	
ফুরাহ্না—শেষ হওয়া (সবগুলি)	
ফুবেহ্য়ে—শেষ হয়েছে ,,	
ফুরেয়েন—শেষ হলো ,,	
ফুরেহলাক—শেষ হলো ,,	
ফুয়ানা—তাপ গ্রহণ করা	
ফুয়ার—তাপ গ্রহণ কর্ছে (সে)	
রোদ ফুয়ার—রোদের তাপ নিচ্ছে (সে)	
রোদ ফুয়াদন—রোদের তাপ নিচ্ছে	
রোদ ফুয়েম—রোদের তাপ নিব (আমি)	
আঘুন ফুয়েম—আগুনের তাপ নিব	
আঘুন ফুয়ার—আগুনের তাপ নিচ্ছে	
আঘুন ফুয়ের—আগুনের তাপ নিচ্ছি	
আঘুন ফুয়েধ—আগুনের তাপ নিত	
আঘুন ফুয়েদাক্—আগুনের তাপ নিত	
আঘুন ফুয়েবাত্থায়—তাপ নিবার জন্য	

চাঙমা	বাঙলা

ফে

ফেচ্—নিন্দা
ফেচ্-গরানা—নিন্দা করা
ফেচ্-গর্য্যাঙ—নিন্দা করেছি (আমি)
ফেচ্-গর্য্যে—নিন্দা করেছে (সে)
ফেচ্-গরের—নিন্দা করছে (সে)
ফেচ্-গরল—নিন্দা করিল (সে)
ফেচ্-গরলাক—নিন্দা করিল (তারা)
ফেচ্-গরলুঙ—নিন্দা করিলাম (আমি)
ফেচ্-গর্য্যান—নিন্দা করিল (তারা)
ফেচ্-গরিবাত্যায়—নিন্দা করিবার জন্য
ফেচ্-ফেচ্যা—ফেস ফেসে নরম
ফেঝা—আবর্জ্জনা
ফেঝা-কঝা—আবর্জ্জনা জিনিষ
ফেঝেরা—লতাপাতায় ভর্ত্তি রাস্তা
ফেঝেরা—শারীরিক অসুস্থ (বাচ্চা)
ফেঝাক্-চাক্—এলোমেলো
ফেঝাক্-ফুজুক্—গোলমাল
ফেধা—অন্যায়, তুচ্ছভাব
কি ফেধা গরিভে?—কি অপকার করবে?
ফেধেরা- মাংসের শ্লেষ্মা জাতীয় আবরণ
ফেনাহ্-ফেনাহ্—বুদ্বুদীয়
ফেনেন্-তেল—ফেনাইল্ তৈল
ফেনা—বুদ্বুদীয় আস্তরণ
ফেল্—অকৃতকার্য্য
ফেল্-ফেল্যা—খুব পাত্লা
ফেলাহ্-ফেল্যা—পরস্পরকে পিছিয়ে রেখে
ফেল্যা-ফেলাহ্ গরি—পিছনে রেখে
ফেলাহ্না—ফেলে দেওয়া
ফেলাহ্না—মেরে ফেলা
ফেলাহ্-ছেলা—পরিত্যক্ত জিনিষ
ফেলাহ্-ফেল্যা আগে পিছে যাওয়া
ফেলে-ফেলে চেই আঘে—কিংকর্ত্তব্য-বিমূঢ় হয়ে তাকিয়ে আছে

চাঙমা	বাঙলা

ফেলে ফেলে ন গরিচ—বিরক্ত করিও না

ফো

ফোর—পালক
কুরা-ফোর—মুর্গীর পালক
আহ্ঝ-ফোর—হাঁসের পালক
ফোর্-ফোঝ্যা—নিঃসঙ্কোচ আলাপী
ফোর্-ফোঝ্যা—ঝড়্ ঝড়ে সিদ্ধ ভাত

ব

ব —বাতাস, ব-বাঝে—বাতাস লাগে
ব-অ—গরু থামানো
বঅ-দে—থামাও (গরুগুলিকে)
বঅ-দিল—থামালো ,,
কুলা-ব—ডালার বাতাস
তুঝঅ ধুমা কুলা-ব, কণা-কুণিৎ পলেই আগে অভহ—(মশাব চিন্তা) তুষের ধোঁয়া কুলার বাতাসের ভয়ে কোণ-কুনিতে পালিয়ে আছে হয়ত
ব-অ—তাঁতের সুতা
বক্—ভারের দাণ্ডা (বাঁশের অর্দ্ধাংশ)
লেই-য় বক্—ঝুড়ীর বাঁক্।
ব-কাধি—তাতের ছোট কাঠি
বগল—বাহুর নীচের তালু
বগল বাজেলুঙ—বকল বাজালাম (আমি)
বগল বাজেয়ে—বকল বাজিয়েছে (সে)
বগল বাজেলাক—বকল বাজালো (তারা)
বগা বক, বলাকা
বগা-কল—বিশেষ রকমের শাস্তি
বচ্—বসো (তুমি)
বচ্যাঙ—বসেছি (আমি)
বচ্যান্—বসেছে (তারা)
বচ্—বয়স
তর বচ্ কধক—তোমার বয়স কত?

চাঙমা বাঙলা	চাঙমা বাঙলা
বচ্-হনা—বশীভূত, বয়স হওয়া	বঝিধাক্—বসতো (তারা)
বচ্-অহইয়ে—বশীভূত, বয়স হয়েছে	বঝিদঙ—বসতাম (আমরা)
বচ্-অহল—বশীভূত, বয়স হলো	বঝিবাত্যায়—বসবার জন্য
বচ্-অহলাক—বশীভূত হলো (তারা)	বত্যন—মোচরালো, বঝিলঙ্—বসলাম
বচ্-অহলঙ—বশীভূত হলাম (আমরা)	বত্- মোচরিয়ে নাও (তুমি)
বচ্-অহ্ধ—বশীভূত হইত (সে)	বত্যা—মোচরানো অবস্থা
বচ্-অহ্ধাক—বশীভূত হইত (তারা)	বত্যে —মোচরিয়ে দিয়েছে (সে)
বচ্-অহ্ধা—বশীভূত হইতে (তোমরা)	বত্যাদড়ি—পাকানো রসি
বচ্-অহলুঙ—বশীভূত হইলাম (আমি)	বদল—পরিবর্ত্তন কর (তুমি)
বচ্-অহইয়ঙ—বশীভূত হইলাম আমি)	বধল—বোতল
বচ্-অহ্বাত্যায়—বশীভূত হইবার জন্য	বদলা—পরিবর্ত্তন কর (তুমি)
বজা-আহ্ত—চুড়ীবিহীন হাত	বদলিম,বদলেম—পরিবর্ত্তন করিব (আমি)
বজা-কান—অলঙ্কারবিহীন কান	বদলিব, বদলেব—পরিবর্ত্তন করিবে (সে)
বজং—খারাপ	বদলিবাক, বদলেবাক—পরিবর্ত্তন করিবে
বজং-মানুচ্—খারাপ মানুষ	বদলিবঙ, বদলেবঙ পরিবর্ত্তন করিব
বজং-খানা—খারাপ খাবার	বদলিল, বদলেল—পরিবর্ত্তন করিল (সে)
বজ্জাৎ—বদরাগী	বদলিলাক, বদলেলাক—পরিবর্ত্তন করিল
বজ্জাদী—ঝগড়াটে মেয়ে	বদলিলঙ, বদলেলঙ—পরিবর্ত্তন করিলাম
বজ্ঝি— বর্শী	বদলিবাত্যায়—পরিবর্ত্তনের জন্য
বজ্ঝি-বানা—বর্শীতে মাছ ধরা	বদানা—মোচরানো, রাজী হওয়া
বজ্ঝি-বেম—বর্শীতে মাছ ধরিব (আমি)	বদাবাত্যা -মশ্গুল
বজ্ঝি-বেভঙ—বর্শীতে মাছ ধরিব (আমরা)	বদা—ডিম, বদা-খেম্—ডিম খাবো
বঝঅ-মানুচ্—বয়স্ক লোক	বদা-খলা-খেম্—ডিমের ভাজা খাবো
বঝঙ—বসি, বঝঅ-বসো (তোমরা)	বদা-বদি—কুস্তি, পাকাপাকি (দড়ি)
বঝচ্- বস (তুমি), বঝঝ্যা—বছরের	বদাবদি-চেম্—কুস্তি লড়বো আমি)
বঝর—বছর, বঝর বঝর -প্রতি বৎসর	বদাবদি-চেভঙ্—কুস্তি লড়বো (আমরা)
বঝরী—বাৎসরিক শ্রাদ্ধ	বদাবদি-চেলঅ কুস্তি লড়লো (সে)
বঝিম—বসবো (আমি)	বদাবদি-চেলাক—কুস্তি লড়লো তারা)
বঝিবঙ—বসবো (আমরা)	বদাবদি-চেলঙ্—কুস্তি লড়লাম আমরা)
বঝিবাক—বসবে (তারা)	বদাবদি-চেইয়ে—কুস্তি লড়লো (সে)
বঝিল—বসলো (সে)	বদাবদি-চেলুঙ—কুস্তি লড়লাম (আমি)
বঝিলাক—বসলো (তারা)	বদাবদি-চেধঅ—কুস্তি লড়তো (সে)
বঝিলঙ—বসলাম (আমরা)	বদাবদি-চেধাক্—কুস্তি লড়তো (তারা)
বঝিধ—বসতো (সে)	বদাবদি-চেধুঙ্—কুস্তি লড়তাম (অভ্যাস)

চাঙমা	বাঙলা
বদাবদি-চেধুঙ্	—লড়ার মতলব ছিল
বদাবদি-চেভাত্থায়	—কুস্তি লড়ার জন্য
বদি	—পাকাই; রাজী হই (আমরা)
বদি জিয়ে	—ভোঁটা হয়ে
বদি গেল	—ভোঁটা হলো
বদি যেব	—ভোঁটা হবে
সল্লাহ্-বদিলুঙ	—পরামর্শে একমত হলাম
সল্লাহ-বদিলাক	—একমত হলো (তারা)
বদিম	—পাকাবো, রাজী হবো (আমি)
বদিবঙ	—দড়ি পাকাবো (আমরা)
বদিল	—দড়ি পাকালো, রাজী হলো (সে)
বদিলাক	—দড়ি পাকালো (তারা)
বদিলুঙ	— দড়ি পাকালাম (আমি)
বদিলঙ	—দড়ি পাকালাম (আমরা)
বদিবাত্যায়	—দড়ি পাকাবার জন্য
বদিবাদায়	—পাকিয়ে নিয়ে
বদিবাদায়	—রাজী হয়ে গিয়ে
বন্	—জংগল, বন্ধু
বন্-জুরানা	—বন্ধুত্ব করা
বনৎ-জিয়ে	—জঙ্গলে গেছে
বন-বনার	—লেলিহান্ শিখায় জলছে
বনা	—গুচ্ছ, বনা-বনা—গোছা গোছা
বন্নুয়া	—ভগ্নিপতি সম্বোধন
বনোই	—বনাই ভগ্নিপতি সম্ভাষণ
বন্তা	—বোকা, বন্তা পুয়া—বোকা ছেলে
বল্	—শক্তি, গোলাকার খেলনা
বল্-দেনা	—সাহায্য করা
বল্-দিম	—সাহায্য করিব (আমি)
বল্-দ্যন	সাহায্য করে (তারা)
বল্-দ্য-ন্	—সাহায্য করেছে (তারা)
বল্-দিল	—সাহায্য করিল (সে)
বল্-দিলাক	—সাহায্য করিল (তারা)
বল্ দিলুঙ	—সাহায্য করিলাম (আমি)
বল্-দিবাত্থায়	—সাহায্য করার জন্য

চাঙমা	বাঙলা
বল্-তুলে	—শক্তি দেখায় (সে)
বল্-তুল্যে	—শক্তি দেখাচ্ছে (সে)
বল্-তুলিব	—শক্তি তুলবে (সে)
বল্-দেঘেভ	—শক্তি দেখাবে (সে)
বল্-দেঘেল	—শক্তি দেখালে (সে)
বল্পিয়া	—খোলামেলা
বল্পিয়া জাগা	—খোলামেলা জায়গা
বল্পিয়া গরি	—মনের সুখে নির্ঝঞ্ঝাতে
বল্যা	—বলবান্
বল্যা-চেলা	—বলবান্ মহিষ
বল্যা-দামারাহ্	— বলবান্ বৃষ
বল্যে	—শক্তিমান হয়েছে
বলা	—সারযুক্ত
বলা-মাদী	—সারযুক্ত মাটি
বলাহ্	—বোলতা
বলাহ্-পুক্	—বোলতার পোকা
বলাহ্-বা	—বোলতার বাসা
বলানা	—সারযুক্ত করা (মাটি)
বলানা	—নিমন্ত্রণ করা
গুদু-বলানা	—হাডু-ডু খেলার বোল
গুদু বলেয়ঙ	—বোল দিয়েছি
বলান্যা দ্য-ন	-নিমন্ত্রণ পত্র দিয়াছে (তারা)
বলান্যা-দেনা	—নিমন্ত্রণ পত্র দেওয়া
বলান্যা দিলাক	—নিমন্ত্রণ পত্র দিল (তারা)
বলেয়ঙ্	—নিমন্ত্রণ করেছি (বিয়ের)
বলেয়ন	—নিমন্ত্রণ করেছে (তারা)
বলেম	—নিমন্ত্রণ করিব (আমি)
বলেল	— নিমন্ত্রণ করিল (সে)
বলেলাক	—নিমন্ত্রণ করিল (তারা)
বলেবাত্থায়	—নিমন্ত্রণ করার জন্য
বর্	—আশীর্বাদ
বর্-দেনা	—আশীর্বাদ করা
বর্-দিম	—আশীর্বাদ করিব (সে)
বর্-দিল	—আশীর্বাদ করিল (সে)

বর্-দিলঙ—আশীবাদ করলাম (আমরা)
বর্-দের- আশীবাদ করিতেছে (সে)
বর্-দেদন—আশীর্বাদ করিতেছে (তারা)
বর্-দিদঅ—আশীবাদ করিত (সে)
বর্-দিদাক—আশীবাদ করিত (তারা)
বর্-দিবাত্যায়—আশীবাদ করার জন্য
বর্—আড়ং, পানঅ-বর্—পানের আড়ং
ব-র্—খুব, ব-র্ বেচ্—খুব বেশী
বর-ত দিম্বেনয় কি—না দেওয়ার অভিপ্রায়
বর্-ত—অখুশীর প্রকাশ
ব-রত-বেচ্—কমের জন্য অসন্তোষ
ব-র্ বেচ্ অহ্ইচ—খুব বেশী হয়েছে
ব-র্ বেচ্ অহঅ—খুব বেশী হলো
বরা—গুল্ পাকানো ভাজা খাবার
বরা-পিবা—গোল ভাজা পিঠা
দেল-অ বরা—ডালের বরা
বরা—মূল
কানঅ বরা তুলি দিম কানের গোরা উপরাবো (বমকানা
ব-র্ বেচ্ গঝ্যচ্—খুব অন্যায় করেছে
বর্শী ব-র—মাছ ধর্ছ (তুমি)
বরী—পিল্, দারু-বরী -ঔষধের পিল
বলী—শক্তিমান, বলীখাবা -কুস্তি
বরাহ্—বধির
বরাহ্ কান—বধির
বরাহ্ শুগর—দুরন্ত জংলী শুকর
বরাহ্ গুলা—বয়রা
বরাত—ভাগ্য, বরাদত—ভাগ্যে
বরাদত কি আঘে কি জানি—কপালে কি আছে জানিনা

বা

বাঃ—আশ্চর্য্য বাচক প্রকাশ
বাঃ বাঃ—প্রশংসার প্রকাশ
বাআ-থানা—রাত কাটানো
বাআ-থাক্—রাত কাটাও
বাআ-থেল—রাত কাটালো
বাআ-থেভা বাতে থাকবে
বাআ থেলাক্—রাত্রে থাক্লো
বাআ-থেবাত্যায়—রাতকাটাবার জন্য
বা বাবার সম্বোধন
বা-আ বাবা (পিতাকে সম্বোধন)
বা-অ পাখীর বাসা
বা-আ দাগের বাবা ডাক্ছে
বা-ভা দাঘে -বাবা ডেকেছে
বাক্ বাগ, কাজের অংশ
বাক—বোঝা কাঁধে নেওয়ার দাণ্ডা
বাক্—নদীর সোজা অংশ
বাকুয়া এঝের—বাগটা আস্তেছে
বাকুয়া ধুঝেই কাজটা শেষ করি
বাকুয়া ধুঝেলুঙ—কাজটা শেষ করলাম
বাকুয়া-গুণ -কাজের লোকগুলি
বাকুয়া-গুণ এখন কর্ম্মীগুলি ফিরছে
বাক্কোই ভাব-গব—বাঁক দিয়ে বোঝা কাঁধে নাও
বাক্ দিঘাল্য উজাগে—বাক্ বেয়ে চল
বাক্কোন বেথে, বামন
বাক্কোন মানুচ্—বামন
বাক্কোন কুরাহ্—বেথে জাতের মুর্গী
বাগা—বর্গা, বাগা দিম্—বর্গা দিব
বাগা দিল—আংশিক ভাগে চাষ্তে দিল
বাগী—বাকি, ফল বিশেষ
বাগী আন্যঙ - বাকি এনেছি
বাগী আন্যঙ—বাকী ফল এনেছি
বাগীবক্য—বাকার ব্যবস্থা
বাগী নদিম—নগদ না দিলে দিবনা
বাগী—বৃহদাকার পক্ষী

চাঙমা বাঙলা	চাঙমা বাঙলা
*বার্গীখাদ্—গভীর বনাণীতে বলবদ্ধ পক্ষীর বাসস্থান	বাচ্ছাক্—অপেক্ষা কর (তুমি)
বাঘ-অর—বাঘের	বাচ্ছাগ—অপেক্ষা কর (তোমরা)
বাঘঅ-দর—বাঘের ভয়	বাচ্ছেই-থাক—অপেক্ষা কর (তুমি)
বাঘ্যা—বাগটা	বাচ্ছে-থাগঅ—অপেক্ষা কর (তোমরা)
বাঘেই-মাছ—এক প্রকার বৃহদাকার মাছ	বাচ্ছেই-থেম—অপেক্ষা করিব (আমি)
বাঘোন-মাছ—বামন মাছ	বাচ্ছেম—অপেক্ষা করিব (আমি)
বাঘোন—ব্রাহ্মণ, বাঘোন্যা—ব্রাহ্মণটা	বাচ্ছেভ—অপেক্ষা করিবে (সে)
বাঘোন্যার গরু বেজা যার—ব্রাহ্মণের গরু বিক্রী করে কম্বল কিনে শীত কাটানো (গল্প)	বাচ্ছেবাক্ – অপেক্ষা করিবে (তারা)
বাঘোর—সুগন্ধ মশলা (তরকারীর)	বাচ্ছেবাত্থায়—অপেক্ষা করার জন্য
বাঘোর-পাদা—সুগন্ধ মশলা পাতা	বাজা—বাজাও (তুমি)
বাঘোর-বাচ্—মশলার গন্ধ	বাজা—হারমোনিয়ম
বাঙ্-আহ্ৎ—বাম হাত	বাজার—বেচা-কিনার জায়গা, বাজাচ্ছে
বাঙ্ঙ্য়া—বাম হাতা	বাজ্যা—বেত দিয়ে আঘাত কর
বাঙরী, বাঙ্রী—হাতের চূড়ী	বাজ্যার—বেত দিয়ে আঘাত করছে
বাচ্—বাঁশ, ফাদা-বাচ্—ফাটা বাঁশ	বাজ্যাঙর—বেত দিয়ে আঘাত করছি
পাগল্যা-বাচ—বাঁশের টুকরা	বাজ্যাদন—বেত দিয়ে আঘাত করছে
বাচ্—গন্ধ, সুধ্যা-বাচ্—সুগন্ধ	বাজ্যেম—বেত দিয়ে আঘাত করিভ
ঘুঅ-বাচ্—গুয়ের গন্ধ	বাজ্যেল —বেত দিয়ে আঘাত করিল
পাদা-বাচ্—পাদের গন্ধ	বাজেবাত্থায়—বেত দিয়ে মারার জন্য
প্জা-বাচ্—পঁচার গন্ধ	বাজি থানা—বেঁচে থাকা
ফাউঝা-বাচ্—একপ্রকার বদ গন্ধ	বাজি থেভ—বেঁচে থাকবে (সে)
সুছ্যেক্ বাচ—তাতের বাঁশ	বাজি থেভাক—বেঁচে থাকবে (তারা)
বাচ্-পোরোল—কচি বাঁশের তরকারী	বাজিব—বাঁচবে (সে)
	বাজিবাক্—বাঁচবে (তারা)
	বাজিল—বাঁচলো, রেহাই পেল (সে)
	বাজিলাক—বাঁচলো, রেহাই পেল

* বার্গী খাদ সম্বন্ধে লেখকের চাক্ষুসিক অভিজ্ঞতা আছে। গভীর বনাণীতে তারা দলবদ্ধ হয়ে থাকে। ছেলেবেলায় বড় ভাইদের সাথে শিহরণ জাগানো দৃশ্য দেখতে যেতাম। তারা বড় বড় লম্বা বাঁশের মাথা দিয়ে তাদের খাদে (পাহাড়ে ঢালু অংশ) আলোড়ন করিত। আর দলে দলে বৃহদাকার বার্গী বেরিয়ে এসে আকাশে মেঘ গর্জ্জনের মত পাখার আওয়াজ করিত ও আকাশ মেঘাচ্ছন্নের মত হয়ে যেত। নিতান্ত ভয়ের মধ্যে এই শিহরণ দৃশ্য দেখার বাসনা চরিতার্থ করে দেওয়ার জন্য তারা এখনও আমার স্মরণীয়। ছেলেমানুষ, জানি না তারা কি খেয়ে সেখানে শত শত বার্গী দলবদ্ধ হয়ে থাকে। দেশের পরিবর্তনের সাথে সাথে তারা কখন কোথায় চলে গেছে খেয়াল নেই। বোধ হয় কাছাকাছি জুম চাষের অত্যাচারে আগুনের ভয়ে স্থানান্তরিত হয়। অজস্র প্রকৃতির সম্পদ এইভাবে বিলুপ্ত হয়েছে, লেখক।

চাঙমা বাঙলা	চাঙমা বাঙলা
বাজে—অ-দরকারী	বাঝ্যা—পাতে দেওয়া
বাজে কথা—অদরকারী কথা	বাঝ্যা ভাত—পাতে দেওয়া ভাত
বাজেই—ছোট ঘর	বাঝ্যা-তেন—পাতে দেওয়া তরকারী
বাঝানা—দোষীসাব্যস্ত করা	বাত্যানা—আহ্বান করা
বাঝার্—দোষীসাবস্ত করছে	পান-বাত্যানা—পান দিয়ে নিমন্ত্রণ করা
বাঝাদন—দোষীসাবস্ত করছে (তারা)	বাত্যেয়ে—নিমন্ত্রণ করিল (সে)
বাঝাদন—আরম্ভ করছে (তারা)	বাত্যেয়ন—নিমন্ত্রণ করেছে (তারা)
বাঝা—বাসা	বাত্যা—পিসা অবস্থা
পেক্-বাঝা—পাখীর বাসা	মরিচ বাত্যা—পিসা মরিচ
পেক্-বাঝা—ছোট খামার ঘব	বাত্তি—বাতি
বাঝাত—বাসাতে	বাত্তিক—অভ্যাস
বাঝাত জিয়ে—বাসায় গেছে	বাত্তিক-কিয়া—ভারী শরীর
বাঝানা—সাঝানো	বাদল—বাদুর, ধনু
ধুন্দুবাঝানা—তাঁমাক সাঝানো	বাদা—বাটা
বাঝানা—আরম্ভ করা	পান-বাদা—পানের থালা
বেন্-বাঝানা—তাঁত স্থরু করার	বাধা—বন্ধন, অমঙ্গল
বাঝেয়ে—দোষারূপ করেছে	বাধা-পলঅ—অমঙ্গলের যাত্রা হলো
কোল্ বাঝেয়ে ঝগড়া আরম্ভ করেছে	বাদল্—ধনু (তীরযুক্ত)
বাঝানা—স্থরু করা, লাগানা	গুলীহ্ বাদল—গুলীযুক্ত ধনু
বাঝা বাছ্যা—লাগালাগি	বাদি—পিসাই করি
ধুন্ধ-বাঝা—তামাক সাজাও	বাদানা—পিসা
জঙ্গালঅ-বাঝা—গোলমালের ঝুড়ী	বাদালী—বাটালী, ছেনী
বাঝেয়ে—স্থরু করেছে, লাগিয়েছে	বাত্যে—পিসেছে (সে)
ধুন্ধ-বাঝেয়ে—তামাক সাজিয়েছে (সে)	বাদি—অর্দ্ধপক্ক, বাদী—মামলার পক্ষ
ধুন্ধ-বাঝেল—তামাক সাজালো (সে)	বাদি-অহ্ইয়ে—পাকার সময় হয়েছে
কোল্-বাঝেভ—ঝগড়া করিবে (সে)	বাধি—বেথে, বাদী—সমর্থক
কোল্-বাঝেবাক—ঝগড়া করিবে	বাধোই—পক্ষী বিশেষ
কোল্-বাঝেল—ঝগড়া করিল (সে)	বান্—বাঁধ অ (তুমি), জলপ্লাবন
বেন্-বাঝেয়ে—তাঁত লাগিয়েছে (সে)	বান্-অহ্ল—জলপ্লাবন হলো
বেন্ বাঝেল—তাঁত লাগালো (সে)	বান্দর—বানর, বন্দজ্যা—বান্দরটা
বেন্-বাঝেলাক—তাঁত লাগালো (তারা)	বান্হ—বাঁধ অ (তোমরা)
বেন্-বাঝেদ্—তাঁত লাগাতো (সে)	বান্ত—বাঁধবে (তোমরা)
বেন্-বাঝেদাক—তাঁত লাগাতো (তারা)	বান্যা—স্বর্ণকার
বেন্-বাঝেবাত্যায়—তাঁত লাগাবার জন্য	বান্তে—বেঁধেছে (সে)

চাঙমা	বাঙলা

বান্যাহ—বাঁধা অবস্থা
বান্যাহ্ আঘে—বাঁধা আছে
বান্যহ্ঙ—বেঁধেছি (আমি)
বান্যেহ্ই—বেঁধেছি (আমরা)
বান্যন—বেঁধেছে (তারা)
বানিল—বাঁধলো (সে)
বানিলাক—বাঁধলো (তারা)
বনিলুঙ্—বাঁধলাম (আমি)
বানিবাধ্যায়—বাঁধবার জন্য
বান্যাক্—বাঁধলো (তারা)
বান্যেহ্ গোই—বেঁধেছে গিয়ে (সে)
বানাহ্—শুধু
বান্হ-ভাত—শুধু-ভাত
বানাহ্ বান্যা—পরস্পর বাঁধা
বানাহ্—ধাঁধাঁ
বানাহ্-দিম—ধাঁধাঁ দিব (আমি)
বানাহ্-দ্যঅ—ধাঁধাঁ দিয়াছ (তোমরা)
বানাহ্ দিবাত্যায়—ধাঁধাঁ দিবার জন্য
বানাহ্-বন্ধক—বন্ধকী কারবার
বানাহ্-দিয়ঙ—বন্ধক রেখেছি (আমি)
বানাহ্-দ্যে—বন্ধক রেখেছে (সে)
বানাহ্-দ্যন—বন্ধক রেখেছে (তারা)
বানা-ভাত—শুধু ভাত, তরকারী ছাড়া
বানা-বানা—শুধু শুধু
বানা-বানা—তৈয়ার কর
বানার—তৈয়ার করছে (সে)
বানাদন—তৈয়ার করতেছে (তারা)
বানেল—তৈয়ার করলো (সে)
বানেলা—তৈয়ার করলে (তোমরা)
বানেলাক—তৈয়ার করলো (তারা)
বানেবাত্যায়—তৈরী করার জন্য
বানেহুঙ্—তৈয়ার করিতাম
বানেলুঙ্—তৈয়ার করিলাম (আমি)
বানেলঙ—তৈয়ার করিলাম (আমরা)

চাঙমা	বাঙলা

বানিহ্-থলঅ—বেঁধে রাখলো (সে)
বানিহ্-থলাক—বেঁধে রাখলো (তারা)
বানিহ্-থভাক—বেঁধে রাখবে (তারা)
বানিহ্-থলঙ্—বেঁধে রাখলাম (আমরা)
বানিহ্ থুলুঙ্ বেঁধে রাখলাম (আমি)
বানিহ্ থর—বেঁধে রাখ্ছে (সে)
বানিহ্ থদন—বেঁধে রাখছে (তারা)
বানিহ্ থইয়ে—বেঁধে রেখেছে (সে)
বানিহ্ থুইয়ন—বেঁধে রেখেছে (তারা)
